লা-শাটেলিয়ারের নীতি অনুসারে সিস্টেমের তাপমাত্রা বৃদ্ধি করলে প্রদত্ত তাপকে প্রশমনের জন্য সিস্টেম নিজেকে এমন ভাবে পুনর্বিন্যস্ত করবে যেন প্রদত্ত তাপ যথাসম্ভব প্রশমিত হয়। যেহেতু সম্মুখমুখী বিক্রিয়াটি তাপমোচী তাই পশ্চাত্মক বিক্রিয়াটি তাপশোষী। সুতরাং বিক্রিয়া তৎপ্রে উষ্ণতা বৃদ্ধি করলে সাম্যের সরণ বাম দিকে ঘটবে অর্থাৎ উষ্ণতা বৃদ্ধিতে অ্যামোনিয়ার উৎপাদন হ্রাস পাবে। অপরদিকে উষ্ণতা হ্রাস করলে সাম্যের সরণ ডান দিকে ঘটবে অর্থাৎ অ্যামোনিয়ার উৎপাদন বৃদ্ধি পাবে।

চাপের প্রভাব—



উপরোক্ত বিক্রিয়ায় বিক্রিয়ক পদার্থের মোট মোল সংখ্যা চার (এক মোল নাইট্রোজেন এবং তিনি মোল হাইড্রোজেন)। এবং বিক্রিয়াজাত পদার্থের মোল সংখ্যা দুই (দুই মোল অ্যামোনিয়া)। তাই বিক্রিয়া তত্ত্বের চাপ বৃদ্ধি করলে বর্ধিত চাপ প্রশংসনের জন্য লা-শাটেলিয়ারের নীতি অনুসারে সাম্যাবস্থার সরণ ডানদিকে ঘটবে যেহেতু বিক্রিয়াজাত পদার্থের তুলনায় বিক্রিয়ক পদার্থের অণু সংখ্যা বেশি। এই কারণে উচ্চ চাপে হেবার পদ্ধতিতে অ্যামোনিয়া গ্যাস উৎপাদন করা হয়। অপরদিকে বিক্রিয়া তত্ত্বের চাপ হ্রাস করলে লা-শাটেলিয়ারের নীতি অনুসারে অ্যামোনিয়ার বিয়োজন মাত্রা বৃদ্ধি পাবে ফলে অ্যামোনিয়ার উৎপাদন হ্রাস পাবে।

৯. কোন গ্যাসীয় রাসায়নিক বিক্রিয়ার সাম্যবস্থায় নিষ্ক্রিয় গ্যাস যোগ করার গাণিতিক প্রভাব আলোচনা কর।

উত্তর— ধরা যাক A গ্যাসের a মোলের সঙ্গে B গ্যাসের b মোল রাসায়নিক বিক্রিয়া করে D গ্যাসের d মোল এবং E গ্যাসের e মোল উৎপন্ন করে। বিক্রিয়াটি উভয়মধ্যী এবং সাম্যাবস্থায় আছে।

সুতরাং বিক্রিয়াটি



$$\text{এবং } \text{বিক্রিয়ার } K_X = \frac{X_D^d \times X_E^e}{Y^a \times Y^b} \dots \dots \dots \text{(ii)}$$

যেখানে $\text{বিক্রিয়ার সাম্যাবস্থায় } X_D = D$ এর মোল ভগ্নাংশ এবং $n_D = D$
এর মোল সংখ্যা।

$X_E = E$ এর মোল ভগ্নাংশ এবং $n_E = E$ এর মোল সংখ্যা

$X_A = A$ এর মোল ভগ্নাংশ এবং $n_A = A$ এর মোল সংখ্যা

$X_p = B$ এর মোল ভগ্নাংশ এবং $n_p = B$ এর মোল সংখ্যা

$$\text{সুতরাং } K_P = \frac{(X_D P)^d \times (D_E P)^e}{(X_A P)^a \times (X_B P)^b}$$

$$K_p = \frac{X_D^d \times X_E^e}{X_A^a \times X_B^b} \times P^{(d+e)-(a+b)}$$

$$K_p = \frac{X_D^d \times X_E^e}{X_A^a \times X_B^b} P^{\Delta n} \dots \dots \dots \text{(iii)}$$

এখন সাম্যবস্থায় n_o মোল নিষ্ক্রিয় গ্যাস যোগ করা হল যা বিক্রিয়ক ও বিক্রিয়জাত পদার্থের সঙ্গে বিক্রিয়া করবে না। সুতরাং মাধ্যমে মোট মোল

$$\text{সংখ্যা } \Sigma n = n_A + n_B + n_D + n_E + n_o$$

$$X_A = \frac{n_A}{\Sigma n}$$

$$X_B = \frac{n_B}{\Sigma n}$$

$$X_D = \frac{n_D}{\Sigma n}$$

$$X_E = \frac{n_E}{\Sigma n}$$


(iii) সমীকরণে X_A , X_B , X_D ও X_E এর মান বসিয়ে পাই

$$\text{সুতরাং } K_p = \frac{\left(\frac{n_D}{\Sigma n}\right)^d \times \left(\frac{n_E}{\Sigma n}\right)^e}{\left(\frac{n_A}{\Sigma n}\right)^a \times \left(\frac{n_B}{\Sigma n}\right)^b} \times P^{\Delta n}$$

$$K_p = \frac{n_D^d \times n_E^e}{n_A^a \times n_B^b} \times \left(\frac{P}{\Sigma n}\right)^{\Delta n} \dots \dots \dots \text{(iv)}$$

কোন নির্দিষ্ট উপর্যুক্ত স্থিতি আয়তনে নিষ্ক্রিয় গ্যাস যোগ করলে Σn এর মান বৃদ্ধির সঙ্গে মোট চাপ P এর মান সমানুপাতে বৃদ্ধি পায়। ফলে, $\frac{n_D^d \times n_E^e}{n_A^a \times n_B^b}$ ও $\left(\frac{P}{\Sigma n}\right)^{\Delta n}$ এর মানের কোন পরিবর্তন হয় না অর্থাৎ K_p এর মান অপরিবর্তিত থাকে।
কিন্তু স্থিত চাপে কোন নির্দিষ্ট উপর্যুক্ত নিষ্ক্রিয় গ্যাস যোগ করলে :

a) যখন $\Delta n = 0$ যেমন



এখন (iv) নম্বর সমীকরণের $\left(\frac{P}{\Sigma n}\right)^{\Delta n}$ এর মান 1 এবং $\frac{n_D^d \times n_E^e}{n_A^a \times n_B^b}$ এর মানের কোন পরিবর্তন হয় না। ফলে K_p এর মান অপরিবর্তিত থাকায় বিক্রিয়ার সাম্যবস্থার কোন পরিবর্তন হয় না।

b) যখন $\Delta n > 0$ যেমন



এখন $\left(\frac{P}{\Sigma n}\right)^{\Delta n}$ এর মান Δn এর মানের বৃদ্ধির সঙ্গে হ্রাস পেতে থাকে। কিন্তু K_p এর মান ধ্রুবক রাখতে $\frac{n_D^d \times n_E^e}{n_A^a \times n_B^b}$ এর মান বৃদ্ধি পেতে থাকে। ফলে সম্মুখমুখী বিক্রিয়ার হার বেড়ে যায়।

c) যখন $\Delta n < 0$ যেমন



এখন Δn এর মানের বৃদ্ধির সঙ্গে $\left(\frac{P}{\Sigma n}\right)^{\Delta n}$ এর মান বৃদ্ধি পায়। কিন্তু K_p এর মান ধ্রুবক রাখতে $\frac{n_D^d \times n_E^e}{n_A^a \times n_B^b}$ এর মান হ্রাস পায়। ফলে সম্মুখমুখী বিক্রিয়ার হার হ্রাস পায়।

10. সমসত্ত্ব ও অসমসত্ত্ব সাম্যাবস্থা বলতে কী বোবা?

উত্তর— সমসত্ত্বঃ যখন কোন রাসায়নিক বিক্রিয়ায় বিক্রিয়ক এবং বিক্রিয়াজাত পদার্থগুলি একই দশায় অবস্থান করে রাসায়নিক বিক্রিয়ায় সাম্যাবস্থা সৃষ্টি করে তখন তাকে সমসত্ত্ব সাম্যাবস্থা বলে। যেমন—




অসমসত্ত্বঃ আবার যখন কোন রাসায়নিক বিক্রিয়ায় বিক্রিয়ক এবং বিক্রিয়াজাত পদার্থগুলি ভিন্ন দশায় অবস্থান করে রাসায়নিক বিক্রিয়ায় সাম্যাবস্থা সৃষ্টি করে তখন তাকে অসমসত্ত্ব সাম্যাবস্থা বলে। যেমন—



11. CaCO_3 কে মুক্ত ও বদ্ধ পাত্রে উত্পন্ন করলে ভিন্ন ফল পাওয়া যায় কেন?

উত্তর— CaCO_3 কে মুক্ত পাত্রে উত্পন্ন করলে CaCO_3 তাপে বিয়োজিত হয়ে CaO ও CO_2 পাওয়া যায়। CO_2

গ্যাসীয় হওয়ায় সিস্টেম থেকে নির্গত হয় ফলে সাম্যাবস্থা প্রতিষ্ঠিত হতে পারে না কিন্তু বদ্ধ পাত্রে উত্পন্ন করলে ফল পাওয়া যায় কারণ CO_2 গ্যাসীয় হওয়ায় সিস্টেম থেকে নির্গত হয় ফলে কেবলমাত্র সম্মুখ বিক্রিয়াটি হওয়ায় সাম্যাবস্থা প্রতিষ্ঠিত হতে পারে না। এই কারণে CaCO_3 এর বিয়োজন সম্পূর্ণ ঘটে।




কিন্তু বদ্ধ পাত্রে উত্পন্ন করলে কার্বন ডাই অক্সাইড নির্গত হতে পারে না ফলে উৎপন্ন কার্বন ডাই অক্সাইড ও ক্যালসিয়াম অক্সাইডের বিক্রিয়ায় CaCO_3 উৎপন্ন হয় ফলে উভমুখী বিক্রিয়া হওয়ায় সাম্যাবস্থা প্রতিষ্ঠিত হয়। এই কারণে CaCO_3 এর বিয়োজন সম্পূর্ণ ঘটে না।



12. লোহিত তপ্ত আয়নের উপর দিয়ে স্টিম চালনা করা হল, কী ঘটে যখন

i) মুক্ত পাত্রে iii) বদ্ধ পাত্রে বিক্রিয়া ঘটানো হয়।

লোহিত তপ্ত আয়নের উপর দিয়ে স্টিম চালনা করলে রাসায়নিক বিক্রিয়ায় Fe_3O_4 ও H_2 গ্যাস উৎপন্ন হয়। H_2 গ্যাসীয় মৌল হওয়ায় সিস্টেম থেকে নির্গত হয় ফলে সাম্যাবস্থা প্রতিষ্ঠিত হতে পারে না।



ফলে বিক্রিয়াটি সম্পূর্ণ হয়।

কিন্তু বদ্ধ পাত্রে উত্পন্ন করলে হাইড্রোজেন গ্যাস নির্গত হতে পারে না ফলে উৎপন্ন হাইড্রোজেন এবং Fe_3O_4 বিক্রিয়ায় বিক্রিয়ক পদার্থ উৎপন্ন করে ফলে উভমুখী বিক্রিয়া হওয়ায় সাম্যাবস্থা প্রতিষ্ঠিত হয়। এই কারণে বিক্রিয়াটি সম্পূর্ণরূপে ঘটে না।




13. 1 মোল অ্যাসিটিক অ্যাসিড ও 1 মোল ইথাইল অ্যালকোহল একটি আবদ্ধ পাত্রে নিয়ে দীর্ঘক্ষণ ধরে উত্পন্ন করলেও 1 মোল ইথাইল অ্যাসিটেট ও 1 মোল জল উৎপন্ন হয় না। ব্যাখ্যা কর।

উত্তর— 1 মোল অ্যাসিটিক অ্যাসিড ও 1 মোল ইথাইল অ্যালকোহলের বিক্রিয়ায় 1 মোল ইথাইল অ্যাসিটেট ও 1 মোল জল উৎপন্ন হয় না কারণ বিক্রিয়াটি উভমুখী। যেহেতু বিক্রিয়াটি বদ্ধ পাত্রে ঘটছে সেই কারণে বিক্রিয়া জাত পদার্থ সিস্টেম থেকে বেরিয়ে গিয়ে বিক্রিয়াটিকে একমুখী করতে পারে না

এবং একসময় সম্মুখ, পশ্চাত বিক্রিয়ার হার সমান হয়ে সাম্যবস্থায় পৌছায়। যদি পশ্চাত বিক্রিয়ার হার শূন্য হত তাহলেই 1 মোল অ্যাসিটিক অ্যাসিড ও 1 মোল ইথাইল অ্যালকোহলের বিক্রিয়ায় 1 মোল ইথাইল অ্যাসিটেট ও 1 মোল জল উৎপন্ন হত। কিন্তু ইহা অসম্ভব।

ରାସାୟନିକ ବିକ୍ରିଯା—



১৪. ভ্যান্ট হফের সমীকরণটি লেখ ও ব্যাখ্যা কর।


উন্নর— তাপমাত্রার পরিবর্তনে কোন বিক্রিয়ার সাম্য ধ্রুবকের মান পরিবর্তিত হয়। তাই তাপমাত্রার পরিবর্তনের সাথে সাম্যধ্রুবকের পরিবর্তন যে সমীকরণের সাহায্যে প্রকাশ করা হয় তাকে ভ্যান্ট হফের সমীকরণ বলে। যদি T_1 ও T_2 তাপমাত্রায় সাম্যধ্রুবকের মান K_1 এবং K_2 , হলে

$$\log \frac{K_2}{K_1} = \frac{\Delta H}{2.303R} \left[\frac{1}{T_1} - \frac{1}{T_2} \right] \quad \dots \dots \dots \quad (1)$$

যেখানে ΔH বিক্রিয়ার এনথ্যালপি

তাপশোষী বিক্রিয়ার ক্ষেত্রে এর মান ধনাত্মক $K_2 > K_1$ হবে যদি $\frac{1}{T_1} > \frac{1}{T_2}$ হয় অর্থাৎ $T_2 > T_1$ হয়। সুতরাং তাপশোষী বিক্রিয়ার ক্ষেত্রে উচ্চ তাপমাত্রায় বিক্রিয়াজাত পদার্থের উৎপাদনের হার বৃদ্ধি পাবে।

আবার তাপমাটী বিক্রিয়ার ক্ষেত্রে এর মান ঋণাত্মক হওয়ায় $K_2 > K_1$ হবে।
 যদি $\frac{1}{T_1} < \frac{1}{T_2}$ হয় অর্থাৎ $T_2 < T_1$ হয়। সুতরাং তাপমাটী বিক্রিয়ার ক্ষেত্রে নিম্ন
 তাপমাত্রায় বিক্রিয়াজাত পদার্থের উৎপাদনের হার বৃদ্ধি পাবে।



প্রাণ কর উপরের বিক্রিয়ায় চাপ বৃদ্ধিতে অ্যামোনিয়ার উৎপাদনের হার বৃদ্ধি পাবে।

উত্তর— 1 মোল নাইট্রোজেনের সঙ্গে 3 মোল হাইড্রোজেনের বিক্রিয়ায় 2 মোল অ্যামিনিয়া উৎপন্ন হয়।



প্রাথমিক মোল সংখ্যা 1 3 2

$$\text{সাম্যবস্থায়} \quad 1-x \quad 3(1-x) \quad 2$$

যেখানে $x = \text{সাম্যাবস্থায় বিয়োজন মাত্রা } x$ ।

সূতরাং সাম্যাবস্থায় মোট মৌল সংখ্যা

$$1-x + 3(1-x) + 2x = 4-2x$$

ধরি সিস্টেমের মোট চাপ P

$$\text{সূতরাং নাইট্রোজেনের আংশিক চাপ } P_N = \frac{1-x}{4-2x} P \text{ বা}$$

$$\text{হাইড্রোজেনের আংশিক চাপ } P_H = \frac{3(1-x)}{4-2x} P \text{ বা } P_H^3 = \frac{27(1-x)^2}{(4-2x)^2} P^3$$

$$\text{অ্যামোনিয়ার আংশিক চাপ } P_{NH_3} = \frac{2x}{4-2x} P \text{ বা } P_{NH_3}^2 = \frac{4x^2}{(4-2x)^2} P^2$$

$$\text{অতএব বিক্রিয়ার সাম্য ধৰ্বক } K_p = \frac{P_{NH_3}^2}{P_{N_2} \times P_{H_2}^3}$$

$$\text{বা } K_p = \frac{\frac{4x^2}{(4-2x)^2} P^2}{\frac{1-x}{4-2x} P \times \frac{27(1-x)^3}{(4-2x)^3}}$$

$$\text{বা } K_p = \frac{64x^2}{27P^2}$$

$$\text{বা } X^2 = K_p P^2 \text{ যেখানে } K_p = \frac{27K_p}{64}$$

$$\text{বা } X \propto P$$

সূতরাং বিয়োজন মাত্রা চাপের উপর নির্ভরশীল

সূতরাং সিস্টেমের চাপ বৃদ্ধিতে অ্যামোনিয়ার উৎপাদনের হার বৃদ্ধি পাবে।

16. 27°C উষ্ণতায় $AB(g) \rightleftharpoons A(g) + B(g)$ বিক্রিয়ার K_p এর মান 0.5 atm। কত চাপে AB এর বিয়োজন 40% হবে।



সাম্যাবস্থায় মোট মৌল সংখ্যা $1-X + X + X$

$$= 1 + x$$

$$\text{সূতরাং } P_{AB} = \frac{1-x}{1+x} P$$

$$= \frac{1-x}{1+x} P$$

$$P_B = \frac{x}{1+x} P$$

$$K_P = \frac{P_A \times P_B}{P_{AB}}$$

$$K_P = \frac{\frac{x}{1+x} \times \frac{x}{1+x}}{\frac{1-x}{1+x}} P$$

$$K_P = \frac{x^2}{1-x^2} P$$

$$0.5 = \frac{0.40^2}{1-0.40^2} P \quad \text{যেহেতু বিয়োজন মাত্রা } x = 40\% = 0.40$$

$$0.50 \times 0.84 = 0.16P$$

$$P = 2.625 \text{ atm.}$$

17. 8.07 মোল H₂ ও 9.08 মোল I₂ এর একটি মিশ্রণকে 448°C উর্ধতায় সাম্যবস্থায় না আসা পর্যন্ত উভপ্র করা হল। এই অবস্থায় 13.88 মোল HI উৎপন্ন হয়। Kc এর মান কত? [BU]



সূতরাং সাম্যবস্থায় H₂, I₂ এবং HI এর মোল সংখ্যার অনুপাত 1:1:2

আবার সাম্যবস্থায় HI এর পরিমাণ 13.88 মোল

সূতরাং অব্যবহৃত H₂ এর পরিমাণ হবে 9.08 – 13.8892 মোল
= 9.08 – 6.94 মোল

= 2.14 মোল

এবং অব্যবহৃত I₂ এর পরিমাণ হবে 8.07 মোল – 13.8892 মোল

= 8.07 মোল – 6.94 মোল

= 1.13 মোল

সূতরাং সাম্যবস্থায় মোট মোল সংখ্যা = 1.13 মোল + 2.14 মোল + 13.88 মোল

= 17.15 মোল

ধরা যাক সিস্টেমের মোট চাপ P

সূতরাং HI এর আংশিক চাপ $P_{HI} = \frac{13.88}{17.15} P$

এবং H₂ এর আংশিক চাপ $P_H = \frac{2.14}{17.15} P$

$$\text{ও } I_2 \text{ এর আংশিক চাপ } P_I = \frac{1.13}{17.15} P$$

$$\text{সুতরাং সাম্যধ্রবক } K_P = \frac{\frac{12.88^2}{17.15^2}}{\frac{2.14}{17.15} \times \frac{1.12}{17.15}} \times \frac{P^2}{P \times P}$$

$$\text{বা } K_P = \frac{192.6544}{2.4182}$$

$$K_p = 79.67$$

ধরা যাক সিস্টেমের মোট আয়তন V

$$\text{সুতরাং সাম্য ধ্রবক } K_C = \frac{C_{HI}^2}{C_H \times C_I}$$

$$\text{বা } K_C = \frac{(\frac{13.88}{V}) \times (\frac{13.88}{V})}{(\frac{2.14}{V}) \times (\frac{1.12}{V})}$$

$$\text{বা } K_C = 79.67$$

18. 10 মোল H_2 ও 7 মোল I_2 এর একটি মিশ্রণকে সাম্যবস্থায় না আসা পর্যন্ত উত্তপ্ত করা হল। এই অবস্থায় 12 মোল HI উৎপন্ন হয়। K_p এবং K_c এর মান কত?



$$\text{সাম্যবস্থায়} \quad 1 \text{ mole} \quad 1 \text{ mole} \quad 2 \text{ mole}$$

সুতরাং সাম্যবস্থায় H_2 , I_2 এবং HI এর মোল সংখ্যার অনুপাত 1:1:2

আবার সাম্যবস্থায় HI এর পরিমাণ 12 মোল

সুতরাং অব্যবহৃত H_2 এর পরিমাণ হবে $10 - 12/2$ মোল

$$= 10 - 6 \text{ মোল}$$

$$= 4 \text{ মোল}$$

এবং অব্যবহৃত I_2 এর পরিমাণ হবে 7 মোল $- 12/2$ মোল

$$= 7 \text{ মোল} - 6 \text{ মোল}$$

$$= 1 \text{ মোল}$$

সুতরাং সাম্যবস্থায় মোট মোল সংখ্যা $= 4 \text{ মোল} + 1 \text{ মোল} + 12 \text{ মোল}$

$$= 17 \text{ মোল}$$

ধরা যাক সিস্টেমের মোট চাপ P

$$\text{সুতরাং HI এর আংশিক চাপ } P_{HI} = \frac{12}{17} P$$

$$\text{এবং } H_2 \text{ এর আংশিক চাপ } P_H = \frac{4}{17} P$$

$$\text{ও } I_2 \text{ এর আংশিক চাপ } P_I = \frac{1}{17} P$$

$$\text{সুতরাং সাম্যগ্রেডক } K_p = \frac{\frac{P^2}{17^2}}{\frac{1}{17} \times \frac{1}{17}} \times \frac{P^2}{P \times P}$$

144

$$K_p = 36$$

$$\text{বিক্রিয়ায় } \Delta n = 2 - (1+1) = 0$$

$$\text{আমরা জানি } K_p = K_c (RT)^{\Delta n}$$

$$\text{বা } K_p = K_c (RT)^0$$

$$\text{বা } K_p = K_c$$

$$\text{বা } 36 = K_c$$

$$\text{বা } K_c = 36$$

19. 1 বায়ুমণ্ডলীয় চাপে ও 184°C উষ্ণতায় NO_2 গ্যাস $2\text{NO(g)} \rightleftharpoons 2\text{NO(g)} + \text{O}_2(\text{g})$ এই ভাবে 5% বিয়োজিত হয়। এই সাম্যবস্থার ক্ষেত্রে K_p এর মান গণনা কর। [BU]

উত্তর—



$$\begin{array}{ccc} \text{বিক্রিয়ার শুরুতে} & 2 \text{ mole} & 0 \\ & 0 & 0 \end{array}$$

$$\begin{array}{ccc} \text{সাম্যবস্থায় মোল সংখ্যা} & 2(1 - 0.05) & 2 \times 0.05 & 2 \times 0.05 \\ & 1.90 & 0.10 & 0.05 \end{array}$$

$$\begin{aligned} \text{মোট মোল সংখ্যা} &= 1.90 + 0.10 + 0.05 \\ &= 2.05 \end{aligned}$$

আবার বিক্রিয়ার মোট চাপ $P = 1 \text{ atm}$

$$\text{সুতরাং } \text{NO}_2 \text{ এর আংশিক চাপ } P_{\text{NO}_2} = \frac{1.90}{2.05} \times 1 \text{ atm}$$

$$\text{বা } P_{\text{NO}_2} = \frac{1.90}{2.05} \text{ atm}$$

$$\text{বা } P_{\text{NO}_2} = 0.9268 \text{ atm}$$

$$\text{এবং } \text{NO} \text{ এর আংশিক চাপ } P_{\text{NO}} = \frac{0.10}{2.05} \times 1 \text{ atm}$$

$$\text{বা } P_{\text{NO}} = \frac{0.10}{2.05} \text{ atm}$$

$$\text{বা } P_{\text{NO}} = 0.0487 \text{ atm}$$

$$\text{ও } \text{NO} \text{ এর আংশিক চাপ } P_{\text{O}_2} = \frac{0.05}{2.05} \times 1 \text{ atm}$$

$$\text{বা } P_{\text{O}_2} = \frac{0.05}{2.05} \text{ atm}$$

$$\text{वा } P_0 = 0.02439$$

$$\text{সাম্য ধ্রুবক } K_P = \frac{P_{NO} \times P_O}{P_{NO_2}^2}$$

$$\text{वा } K_P = \frac{0.0487 \text{ atm} \times 0.02439 \text{ atm}}{0.9268^2 \text{ atm} \times \text{atm}}$$

$$\text{वा } K_p = 1.38^{-3}$$

২০. 27°C তাপমাত্রায় $\text{N}_2 + 3\text{H}_2 \rightleftharpoons 2\text{NH}_3$ বিক্রিয়ায় সাম্য ঝরক K_1 এবং $\frac{1}{2}\text{N}_2 + \frac{3}{2}\text{H}_2 \rightleftharpoons \text{NH}_3$ বিক্রিয়ায় সাম্য ঝরক K_2 হলে K_1 এবং K_2 এর মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠা কর।

উত্তর— $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$ বিক্রিয়ার সাম্য ধৰ্বক

যেখানে P_{NH_3} = অ্যামোনিয়ার আংশিক চাপ, P_{N_2} = নাইট্রোজেনের আংশিক চাপ এবং P_{H_2} = হাইড্রোজেনের আংশিক চাপ।

আবার $\frac{1}{2}N_2 + \frac{3}{2}H_2 \rightleftharpoons NH_3$ বিত্তিয়ার সাম্য ধূঃবক

$$K_2 = \frac{P_{NH3}^l}{P_N^{1/2} \times P_H^{2/2}}$$

$$\text{वा } K_2^2 = \frac{P_{NH3}^2}{P_N^1 \times P_H^2} \quad \dots \dots \dots \text{(ii)}$$

(i) নম্বর (ii) সমীকরণ থেকে পাই

$$K_2^2 = K_1$$

$$K_1 = K_2^2$$

সুতরাং প্রথম সমীকরণের হার ধ্রুবক দ্বিতীয়টির বর্গের সমান।

21. 60°C উষ্ণতায় $A \rightleftharpoons B$ বিক্রিয়ার সাম্যস্থিতিকের মান 50°C উষ্ণতার তুলনায় দ্বিগুণ। বিক্রিয়ার এনথ্যালপি গণন কর।

উত্তর— অন্তিম উষ্ণতা

$$\text{প্রাথমিক উষ্ণতা } T_1 = 273 + 50 = 323\text{K},$$

$$\text{অস্তিম উষ্ণতা } T_2 = 273 + 60 = 333 \text{ K}$$

এবং $K_2 = 2K_1$ যেখানে K_1 এবং K_2 হল 50°C এবং 60°C উষ্ণতায় বিক্রিয়ার হার ধ্রুবক।

ভ্যান্ট হফের সমীকরণ অনুযায়ী

$$\log \frac{K_2}{K_1} = \frac{\Delta H}{2.303R} \left[\frac{1}{T_1} - \frac{1}{T_2} \right]$$

$$\text{বা } \log \frac{2K_1}{K_2} = \frac{\Delta H}{2.303R \times 1.987} \left[\frac{1}{323} - \frac{1}{333} \right]$$

$$\text{বা } \log 2 = \frac{\Delta H \times 10}{492196.5451}$$

$$\text{বা } \Delta H = 14816.59 \text{ cal}$$

MCQ

1. ভর ক্রিয়ার সূত্রটি আবিষ্কার করেন—

- | | |
|--------------------|------------------|
| A) বাজেলিয়াস | B) লা শাতেলিয়ার |
| C) = 7বার্গ ও ভাগে | D) গ্রাহাম |

2. সাম্য ধৰণকের মান পরিবর্তিত হয়—

- | | |
|----------------------|-------------------|
| A) উষ্ণতা বৃদ্ধিতে | B) চাপ বৃদ্ধিতে |
| C) গাঢ়ত্বে বৃদ্ধিতে | D) আয়তন বৃদ্ধিতে |

3. একটি উভমুখী রাসায়নিক বিক্রিয়া সাম্যাবস্থায় আছে। বিক্রিয়কের গাঢ়ত্ব দিগুণ করলে সাম্যধৰণকের মান—

- | | |
|---------------|---------------------|
| A) দিগুণ হবে | B) অর্ধেক হবে |
| C) তিনগুণ হবে | D) অপরিবর্তিত থাকবে |

4. $\text{CaCO}_3(\text{s}) \rightleftharpoons \text{CaO}(\text{s}) + \text{CO}_2(\text{g})$ বিক্রিয়াটিতে $\text{CaCO}_3(\text{s})$ যোগ করলে সাম্য ধৰণকের মান—

- | | |
|---------------------|--------------|
| A) বাড়বে | B) কমবে |
| C) অপরিবর্তিত থাকবে | D) কোনটি নয় |

5. $\text{CaCO}_3(\text{s}) \rightleftharpoons \text{CaO}(\text{s}) + \text{CO}_2(\text{g})$ বিক্রিয়াটিতে $\text{CaO}(\text{s})$ যোগ করলে সাম্য ধৰণকের মান—

- | | |
|---------------------|--------------|
| A) বাড়বে | B) কমবে |
| C) অপরিবর্তিত থাকবে | D) কোনটি নয় |

6. $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$ বিক্রিয়াটির সাম্য ধৰণক K_p এর একক—
 A) মোল⁻¹ লিটার
 B) মোল লিটার
 C) অ্যাটমফিয়ার
 D) কোনটি নয়
7. $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$ বিক্রিয়াটির K_p/K_c অনুপাত—
 A) $(RT)^{-2}$
 B) $(RT)^2$
 C) RT
 D) কোনটি নয়
8. $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$ বিক্রিয়াটির K_p/K_c অনুপাত—
 A) $(RT)^{-2}$
 B) $(RT)^2$
 C) 1
 D) কোনটি নয়
9. $2NO_2(g) \rightleftharpoons 2NO(g) + O_2(g)$ বিক্রিয়ার $184^{\circ}C$ তাপমাত্রায় নীচের
 কোন তথ্যটি সঠিক—
 A) $KP > KC$
 B) $Kp = Kc$
 C) $KP < KC$
 D) কোনটি নয়
10. স্থির আয়তনে $N_2(g) + H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$ বিক্রিয়াটি সাম্যাবস্থায় নিষ্ক্রিয়
 গ্যাস যোগ করলে অ্যামোনিয়ার উৎপাদন—
 A) বৃদ্ধি পাবে
 B) হ্রাস পাবে
 C) অপরিবর্তিত থাকবে
 D) কোনটি নয়
11. স্থির চাপে $N_2(g) + H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$ বিক্রিয়াটি সাম্যাবস্থায় নিষ্ক্রিয়
 গ্যাস যোগ করলে অ্যামোনিয়ার উৎপাদন—
 A) বৃদ্ধি পাবে
 B) হ্রাস পাবে
 C) অপরিবর্তিত থাকবে
 D) কোনটি নয়
12. স্থির আয়তনে $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$ বিক্রিয়াটি সাম্যাবস্থায় নিষ্ক্রিয়
 গ্যাস যোগ করলে HI উৎপাদন—
 A) বৃদ্ধি পাবে
 B) হ্রাস পাবে
 C) অপরিবর্তিত থাকবে
 D) কোনটি নয়

13. স্থির চাপে $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$ বিক্রিয়াটি সাম্যবস্থায় নিষ্ঠিয় গ্যাস যোগ করলে ছজ্জ উৎপাদন—

- A) ବୃଦ୍ଧି ପାବେ
B) ହ୍ରାସ ପାବେ
C) ଅପରିବର୍ତ୍ତିତ ଥାକବେ
D) କୋଣଟି ନୟ

14. স্থির আয়তনে $2\text{SO}_2(\text{g}) + \text{O}_2(\text{g}) \rightleftharpoons 2\text{SO}_3(\text{g})$ বিক্রিয়াটি সাম্যাবস্থায়
নিম্নর গ্যাস যোগ করলে $\text{SO}_3(\text{g})$ উৎপাদন—

15. স্থির চাপে $\text{PCl}_5(\text{g}) \rightleftharpoons \text{PCl}_3(\text{g}) + \text{Cl}_2(\text{g})$ বিক্রিয়াটি সাম্যবস্থায় নিষ্ঠিত গ্যাস যোগ করলে $\text{PCl}_5(\text{g})$ বিয়োজন—

১৬. একটি নির্দিষ্ট তাপমাত্রায় একটি সম্মুখ বিক্রিয়ার গতি,পশ্চাত বিক্রিয়ার গতির
তলনায় ৪ গুণ হলে সাম্য ধূঃক্রের মান হবে—

17. 60°C উষ্ণতায় $A \rightleftharpoons B$ বিক্রিয়ার সাম্যস্থিতিকের মান 50°C উষ্ণতার
তলনায় দ্বিগুণ। বিক্রিয়ার এনথ্যালপি হল—


18. 27°C উর্ধতায় $\text{AB(g)} \rightleftharpoons \text{A(g)} + \text{B(g)}$ বিক্রিয়ার K_p এর মান 0.5 atm।

19. 27°C তাপমাত্রায় $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$ বিক্রিয়ায় সাম্য ধূরক K_1 এবং $\frac{1}{2}N_2 + \frac{3}{2}H_2 \rightleftharpoons NH_3$ বিক্রিয়ায় সাম্য ধূরক K_2 হলে K_1 এবং K_2 এর
মধ্যে সম্পর্ক হলো—

- $$A) K_1 = K_2^2 \quad B) K_1^2 = K_2$$

C) $K_1 = K_2$

D) কোনটি নয়




A) 9

B) 6

C) 18

D) 1.8

A) $K_1 =$ B) $K_1 =$ C) $K_1 = K_2$

D) কোনটি নয়

Ans—

1. (C), 2.(A), 3.(D), 4.(C), 5.(C), 6.(D), 7.(A), 8.(C), 9.(A),
 10. (C), 11.(B), 12.(C) 13.(C), 14.(C), 15(A), 16.(A), 17.(B),
 18.(C) 19.(A), 20.(B), 21(A)

আয়নীয় সাম্যাবস্থা

১. তীব্র তড়িৎ বিশ্লেষ্য ও মৃদু তড়িৎ বিশ্লেষ্য পদার্থ বলতে কী বোঝা? উদাহরণ দাও।

উত্তর— তীব্র তড়িৎ বিশ্লেষ্য পদার্থ, যে সকল পদার্থ জলীয় দ্রবণে কিংবা গলিত অবস্থায় সম্পূর্ণরূপে বিয়োজিত হয় এবং তড়িৎ চালনার ফলে রাসায়নিক বিয়োজন ঘটে নতুন নতুন পদার্থ সৃষ্টি করে তাকেই তীব্র তড়িৎ বিশ্লেষ্য পদার্থ বলে। যেমন NaCl এর জলীয় দ্রবণ সম্পূর্ণরূপে বিয়োজিত হয়ে ক্যাটায়ন রূপে Na^+ এবং আন্যায়নরূপে Cl^- উৎপন্ন হয়।

মৃদু তড়িৎ বিশ্লেষ্য পদার্থ, যে সকল পদার্থ জলীয় দ্রবণে কিংবা গলিত অবস্থায় আংশিক বিয়োজিত হয় এবং তড়িৎ চালনার ফলে রাসায়নিক বিয়োজন ঘটে নতুন নতুন পদার্থ সৃষ্টি করে তাকেই মৃদু তড়িৎ বিশ্লেষ্য পদার্থ বলে। যেমন NH_4OH এর জলীয় দ্রবণ আংশিক বিয়োজিত হয়ে ক্যাটায়ন রূপে NH_4^+ এবং আন্যায়নরূপে Cl^- উৎপন্ন হয়।

২. অস্থোল্ডের লঘূকরণ সূত্রটি লেখ এবং গাণিতিক সমীকরণ প্রতিষ্ঠা কর। অস্থোল্ডের লঘূকরণ সূত্রের সীমাবদ্ধতা লেখ।


উত্তর— কোন নির্দিষ্ট উষ্ণতায় কোন মৃদু তড়িৎ বিশ্লেষ্য পদার্থের বিয়োজন মাত্রা ঐ মৃদু তড়িৎ বিশ্লেষ্য পদার্থের গাঢ়ত্বের বর্গমূলের ব্যন্তানুপাতিক। ধরা যাক মৃদু তড়িৎ বিশ্লেষ্য পদার্থের বিয়োজন মাত্রা α এবং উহা গাঢ়ত্ব C । সুতরাং অস্থোল্ডের লঘূকরণ সূত্র অনুসারে

$$\alpha \propto \frac{1}{\sqrt{C}} \quad |$$

গাণিতিক রূপ :

ধরা যাক AB একটি মৃদু তড়িৎ বিশ্লেষ্য পদার্থ। তাই এটি জলীয় দ্রবণে আংশিকভাবে বিয়োজিত হয়ে ক্যাটায়ন রূপে A^+ এবং অ্যানায়ন রূপে B^- আয়ন উৎপন্ন করে। আরও ধরা যাক AB এর বিয়োজন মাত্রা।

সূতরাং



$$\begin{aligned} \text{সাম্য ধ্রুবক } K &= \frac{[A^+][B^-]}{[AB]} \\ \text{বা } K &= \frac{C\infty \times C\infty}{(1-\infty)C} \\ \text{বা } K &= C \infty^2 \\ \text{বা } \infty^2 &= \frac{K}{C} \\ \text{বা } \infty &\propto \sqrt{\frac{1}{C}} \end{aligned}$$

অস্ওয়াল্ডের লঘুকরণ সূত্রের সীমাবদ্ধতা, অস্ওয়াল্ডের লঘুকরণ সূত্রটি কেবল মাত্র মৃদু তড়িৎ বিশ্লেষ্যের ক্ষেত্রে প্রযোজ্য। কারণ মৃদু তড়িৎ বিশ্লেষ্য পদার্থ দ্রবণে সম্পূর্ণরূপে বিয়োজিত হয় না।

৩. H_3PO_4 এর প্রতি অণুতে তিনটি প্রতিস্থাপনীয় হাইড্রোজেন পরমাণু থাকা সত্ত্বেও দ্বিক্ষারিক অ্যাসিড রূপে আচরণ করে কেন?

উত্তর— H_3PO_4 এর প্রতি অণুতে তিনটি প্রতিস্থাপনীয় হাইড্রোজেন পরমাণু বর্তমান। সেই হিসেবে জলীয় দ্রবণে H_3PO_4 বিয়োজিত হয়ে তিনটি H^+ বর্জন করে ত্রিক্ষারিক অ্যাসিড রূপে আচরণ করা উচিত। কিন্তু H_3PO_4 এর প্রথম বিয়োজন ধ্রুবক K_1 এর মান দ্বিতীয় বিয়োজন ধ্রুবক K_2 এর তুলনায় ক্ষুদ্রতর এবং তৃতীয় বিয়োজন ধ্রুবকের মান খুবই ক্ষুদ্র হওয়ায় জলীয় দ্রবণে এটি বিয়োজিত হয়না বললেই চলে। এই কারণে H_3PO_4 এর প্রতি অণুতে তিনটি প্রতিস্থাপনীয় হাইড্রোজেন পরমাণু থাকা সত্ত্বেও দ্বিক্ষারিক অ্যাসিড রূপে আচরণ করে।

রাসায়নিক সমীকরণ—



$$\text{সূতরাং } K_1 = \frac{[\text{H}_2\text{PO}_4^-][\text{H}_3\text{O}^+]}{[\text{H}_3\text{PO}_4][\text{H}_2\text{O}]}$$



$$\text{সূতরাং } K_2 = \frac{[\text{HPO}_4^{2-}][\text{H}_3\text{O}^+]}{[\text{H}_2\text{PO}_4^-][\text{H}_2\text{O}]}$$



$$K_3 = \frac{[PO_4^{3-}][H_3O^+]}{[HPO_4^{2-}][H_2S]}$$

বিয়োজন ধ্রুবকের ক্রম— $K_1 > K_2 > K_3$

4. জলের আয়নীয় গুণফলের সংজ্ঞা দাও।

উত্তর— বিশুদ্ধ জল খুবই স্বল্প মাত্রায় বিয়োজিত হয়ে H^+ এবং OH^- আয়ন উৎপন্ন করে। উৎপন্ন H^+ এবং OH^- আয়ন অবিয়োজিত H_2O অণুর সঙ্গে সাম্যাবস্থায় থাকে। সুতরাং জলের বিয়োজন নীচে দেখান হল



ভর ক্রিয়ার সুত্রানুসারে

$$K = \frac{[H^+][OH^-]}{[H_2O]} \text{ যেখানে } K = \text{জলের আয়নীয় ধ্রুবক}$$

যেহেতু জল খুবই স্বল্প মাত্রায় বিয়োজিত হয় এই কারণেই H_2O এর গাঢ়ত্ব প্রায় ধ্রুবক থাকে।

$$\text{সুতরাং } K[H_2O] = [H^+] [OH^-]$$

$$\text{বা } K_w = [H^+] [OH^-]$$

যেখানে $K_w = \text{জলের আয়নীয় গুণফল।}$

5. প্রমাণ কর জলের আয়নীয় গুণফল এবং আয়নীয় ধ্রুবক এক নয়। ব্যাখ্যা কর।

উত্তর— বিশুদ্ধ জল খুবই স্বল্প মাত্রায় বিয়োজিত হয়ে H^+ এবং OH^- আয়ন উৎপন্ন করে। উৎপন্ন H^+ এবং OH^- আয়ন অবিয়োজিত H_2O অণুর সঙ্গে সাম্যাবস্থায় থাকে। সুতরাং জলের বিয়োজন নিচে দেখান হল



ভর ক্রিয়ার সুত্রানুসারে

$$K = \frac{[H^+][OH^-]}{[H_2O]} \text{ যেখানে } K = \text{জলের আয়নীয় ধ্রুবক}$$

যেহেতু জল খুবই স্বল্প মাত্রায় বিয়োজিত হয় এই কারণেই H_2O এর গাঢ়ত্ব প্রায় ধ্রুবক থাকে।

$$\text{সুতরাং } K[H_2O] = [H^+] [OH^-]$$

$$K[H_2O] = K_w$$

$$K \times 55.55 = K_w \text{ যেহেতু } 1 \text{ লিটার জল} = 1000/18 \text{ মোল} = 55.55 \text{ মোল}$$

$$\text{বা } K \neq K_w$$

সুতরাং জলের আয়নীয় গুণফল এবং আয়নীয় ধ্রুবক এক নয়, প্রমাণিত

৬. pH, pOH ও pH, ক্ষেত্রের সংজ্ঞা দাও।

উত্তর— pH⁻ কোন দ্রবণের হাইড্রোজেন আয়নের মোলার গাঢ়ত্বের নেগেটিভ লগারিদমকে pH বলে।

$$\text{pH} = -\log_{10}[\text{H}^+]$$

pOH^- কোন দ্রবণের হাইড্রক্সিল আয়নের মোলার গাঢ়ত্বের নেগেটিভ লগারিদমকে pOH বলে।

$$pOH = -\log_{10}[OH^-]$$

pH^- ক্ষেলে, কোন দ্রবণের অন্তর্ভুক্ত ও ক্ষারকত্ব নির্ণয়ের জন্য দ্রবণের দ্বারা এর উপর ভিত্তি করে যে ক্ষেল প্রস্তুত করা হয় তাকে pH^- ক্ষেলে-বলে। বিজ্ঞানীরা সৌরেনসেন pH^- ক্ষেলের উত্তাবন করেন। এই ক্ষেলের পাইল্য জলের pK_w দ্বারা নির্ধারিত হয়। 25°C উষ্ণতায় জলের pK_w এর মান 14। তাই 25°C উষ্ণতায় pH^- ক্ষেল 0 থেকে 14 পর্যন্ত বিস্তৃত। কিন্তু 100°C উষ্ণতায় pK_w এর মান 12.26। তাই 100°C উষ্ণতায় pH^- ক্ষেল 0 থেকে 12.26 পর্যন্ত বিস্তৃত।

অতএব আল্লিক দ্রবণের পাল্লা – ০ < আল্লিক < 7

এবং ক্ষারীয় দ্রবণের পাই – 7 < ক্ষারীয় < 14

7. প্রমাণ কর— $\text{pH} + \text{pOH} = 14$

উত্তর— জলের আয়নীয় গুণফল (K_w) = $[H^+]$ $[OH^-]$

উভয়পক্ষে— \log_{10} নিয়ে পাই

$$-\log_{10} K_w = -\log_{10} [H^+] - \log_{10} [OH^-]$$

২৫°C তাপমাত্রায় $K_w = 1 \times 10^{-14}$

$$-\log K_w = -\log 10^{-14}$$

$$pK_w = 14$$


এখন pK_w এর মান (1) সমীকরণে বসিয়ে পাই

$$\text{pH} + \text{pOH} = 14$$

৪. মৃদু এক ক্ষারিক অ্যাসিডের pH এর রাশিমালা নির্ণয় কর।

উত্তর— ধরা যাক একটি মৃদু অ্যাসিড HA।

জলীয় দ্রবণে HA আংশিকভাবে বিয়োজিত হয়ে H^+ এবং A^- আয়ন উৎপন্ন করে এবং অবিয়োজিত অণুর সঙ্গে সাম্যাবস্থা সৃষ্টি করে। রাসায়নিক বিক্রিয়া—



অতএব অ্যাসিডের আয়নায়ণ প্রবর্ক (dissociation constant)

$$K_a = \frac{[H^+] \times [A^-]}{[HA]}$$

$$\text{বা } K_a = \frac{C\alpha \times C\alpha}{C(1-\alpha)}$$

যখন α -এর মান খুবই ক্ষুদ্র তখন $1 - \alpha = 1$

$$K_a = \alpha^2 C$$

$$\alpha^2 = \frac{K_a}{C}$$

$$\alpha C = \sqrt{\frac{K_a C^2}{C}}$$

$$\alpha C = \sqrt{K_a} C$$

$$H^+ = \sqrt{K_a} C$$

উভয়পক্ষে— \log_{10} নিয়ে পাই

$$-\log_{10} [H^+] = -\log_{10} \sqrt{K_a} C$$

$$-\log_{10} [H^+] = -\frac{1}{2}\log_{10} K_a - \frac{1}{2}\log_{10} C$$

$$pH = \frac{1}{2}pK_a - \frac{1}{2}\log_{10} C$$

9. মৃদু এক ক্ষারিক ক্ষারকের pOH এর রাশিমালা নির্ণয় কর।

উত্তর— ধরা যাক একটি মৃদু ক্ষারক BOH।

জলীয় দ্রবণে BOH আংশিকভাবে বিয়োজিত হয়ে B^+ এবং OH^- , আয়ন উৎপন্ন করে এবং অবিয়োজিত অণুর সঙ্গে সাম্যবস্থা সৃষ্টি করে। রাসায়নিক বিক্রিয়া



অতএব অ্যাসিডের আয়নায়ণ প্রবর্ক (dissociation constant)

$$K_b = \frac{[H^+] \times [OH^-]}{[BOH]}$$

$$\text{বা } K_b = \frac{C\alpha \times C\alpha}{C(1-\alpha)}$$

যখন α -এর মান খুবই ক্ষুদ্র তখন $1 - \alpha = 1$

$$\text{বা } K_b = \alpha^2 C$$

$$\text{বা } \alpha^2 = \frac{K_b}{C}$$

$$\text{বা } \alpha C = \sqrt{\frac{K_b C^2}{C}}$$

$$\text{বা } \alpha C = \sqrt{K_b} C$$

$$\text{বা } \alpha C = \sqrt{K_b} C$$

$$\text{বা } \text{OH}^- = \sqrt{K_b} C$$

উভয়পক্ষে $-\log_{10}$ নিয়ে পাই

$$-\log_{10} [\text{OH}^-] = -\log_{10} (K_b C)$$

$$\text{বা } -\log_{10} [\text{OH}^-] = -\frac{1}{2}\log_{10} K_b - \frac{1}{2}\log_{10} C$$

$$\text{বা } \text{pOH} = \frac{1}{2}\log_{10} K_b - \frac{1}{2}\log_{10} C$$

10. লবণের আর্দ্ধ বিশ্লেষণ বলতে কী বোঝা?

উত্তর— লবণের জলীয় দ্রবণের বিয়োজনে উৎপন্ন ক্যাটায়ন বা অ্যানায়ন যখন জলের ক্যাটায়ন (H^+) এবং অ্যানায়নের $[\text{OH}^-]$ সঙ্গে বিক্রিয়া করে জলের (H^+) এবং $[\text{OH}^-]$ এর গাঢ়ত্বের পরিবর্তন বা আধিক্য ঘটায় তখন এরূপ বিক্রিয়াকে লবণের আর্দ্ধ বিশ্লেষণ বলে।

11. NH_4Cl এর জলীয় দ্রবণ আল্লিক। ব্যাখ্যা কর।


উত্তর— NH_4Cl এর জলীয় দ্রবণ আর্দ্ধ বিশ্লেষিত হয়ে মৃদু ক্ষারক NH_4Cl এবং তীব্র অ্যাসিড HCl উৎপন্ন হয়। NH_4Cl মৃদু ক্ষারক হওয়ায় আংশিক বিয়োজিত হয় এবং HCl তীব্র অ্যাসিড হওয়ায় সম্পূর্ণ রূপে বিয়োজিত হয়। ফলে OH^- আয়নের তুলনায় H^+ আয়নের গাঢ়ত্ব অধিক হওয়ায় জলীয় দ্রবণ অল্লিখন্মী হয়। রাসায়নিক বিক্রিয়া



12. CuSO_4 এর জলীয় দ্রবণ আল্লিক। ব্যাখ্যা কর।


CuSO_4 এর জলীয় দ্রবণ আর্দ্ধ বিশ্লেষিত হয়ে মৃদু ক্ষারক $\text{Cu}(\text{OH})_2$ এবং তীব্র অ্যাসিড H_2SO_4 উৎপন্ন হয়। $\text{Cu}(\text{OH})_2$ মৃদু ক্ষারক হওয়ায় আংশিক বিয়োজিত হয় এবং H_2SO_4 তীব্র অ্যাসিড হওয়ায় সম্পূর্ণ রূপে বিয়োজিত হয়।

ফলে OH^- আয়নের তুলনায় H^+ আয়নের গাঢ়ত্ব অধিক হওয়ায় জলীয় দ্রবণ অন্ধাধূমী হয়। রাসায়নিক বিক্রিয়া




13. Na_2CO_3 এর জলীয় দ্রবণ ক্ষারীয়। ব্যাখ্যা কর।

উত্তর— Na_2CO_3 এর জলীয় দ্রবণ আর্দ্ধ বিশ্লেষিত হয়ে তীব্র ক্ষারক NaOH এবং মৃদু অ্যাসিড H_2CO_3 উৎপন্ন হয়। NaOH তীব্র ক্ষারক হওয়ায় সম্পূর্ণ রূপে বিয়োজিত হয় বিয়োজিত হয় এবং H_2CO_3 মৃদু অ্যাসিড হওয়ায় প্রায় অবিয়োজিত অণু হিসেবে থাকে। ফলে H^+ আয়নের তুলনায় OH^- আয়নের গাঢ়ত্ব অধিক হওয়ায় জলীয় দ্রবণ ক্ষারধর্মী হয়। রাসায়নিক বিক্রিয়া



১৪. তৈরি অ্যাসিড ও মৃদু ক্ষারের লবণের আর্ড বিশ্লেষণের ফলে উৎপন্ন দ্রবণের pH এর রাশিমালা গণনা কর।

উত্তর— ধরা যাক BA একটি তীব্র অ্যাসিড (HA) ও মৃদু ক্ষার (BOH), এর লবণ। সূতরাং BA লবণটি আন্দিবিশেষণ নিম্নরূপে ঘটে,



ପ୍ରାଥମିକ ଗାଁତ୍ର C C 0 0

সাম্যবস্থায় গাঢ়ত্ব C(1-∞) C(1-∞) C∞ C∞

$$K = [BOH] \times [H^+]$$

$$K = \frac{[B^+][H_2O]}{[BOH] \times [H^+]}$$

$$K = \alpha C \times \alpha C$$

α এর মান খুবই ক্ষুদ্র হলে $1-\alpha = 1$

$$K_h = \alpha^2 C$$

$$\infty^2 = \frac{K_h}{C}$$

$$\propto^2 C^2 = \frac{K_h}{C} C^2$$

$$\alpha C = \sqrt{K_h C}$$

二

আবার (i) সমীকরণের ডানপক্ষের লব এবং হরকে OH^- দ্বারা গুন করে পাই

$$K_h = \frac{[BOH] \times [H^+] \times [OH^-]}{[B^+] \times [OH^-]}$$

$$K_h = \frac{K_w}{K_b} \dots \dots \dots \text{(iii) যেহেতু } K_w = [H^+][OH^-] \text{ এবং } K_b = \frac{[B^+][OH^-]}{[BOH]}$$

এখন K_h এর মান (ii) সমীকরণে বসিয়ে পাই

$$[H^+] = \sqrt{\left(\frac{K_w \times C}{K_b}\right)}$$

উভয়পক্ষে $-\log_{10}$ নিয়ে পাই

$$-\log_{10} [\text{H}^+] = -\frac{1}{2}\log K_w + \frac{1}{2}\log K_b - \frac{1}{2}\log C$$


$$pH = \frac{1}{2}pK_w - \frac{1}{2}pK_b - \frac{1}{2}\log C$$

১৫. মন্দু অ্যাসিড ও তীব্র ক্ষারের লবণের আর্ড বিশ্লেষণের ফলে উৎপন্ন দ্রবণের মুছ এর রাশিমালা গণনা কর।

উন্নত ধরা যাক BA একটি মুদু অ্যাসিড (HA) ও তীব্র ক্ষার (BOH), এর লবণ। সুতরাং BA লবণটি আদ্রবিশেষণ নিম্নলিখিতে ঘটে,



ମୃଦୁ କ୍ଷାର ତୀର ଅୟାସିଡ



প্রাথমিক গাঢ়ত্ব

C 0 0 0

সাম্যবস্থায় গাত্র C(1-∞) C(1-∞) C∞ C∞

সুতরাং ভরতিয়ার সুগ্রানুসারে বিক্রিয়ার সাম্যঞ্চিতক

$$K = \frac{[OH^-] \times [HA]}{[A^-] \times [H_2O]}$$

সুতরাং আদ্রবিশ্লেষণ ধ্রুবক (Hydrolytic constant)

$$K_h = K[H_2O] = \frac{[OH^-] \times [HA]}{[A^-]} \quad \dots \dots \dots \quad (i)$$

$$K_h = \frac{\infty C \times \infty C}{(1-\infty)C}$$

α এর মান খুবই ক্ষুদ্র হলে $1-\alpha = 1$

$$K_h = \alpha^2 C$$

$$\infty^2 = \frac{K_h}{C}$$

$$\propto^2 C^2 = \frac{K_h}{C} C^2$$

$$\alpha C = \sqrt{K_h C}$$

আবার (i) সমীকরণের ডানপক্ষের লব এবং হরকে $[H^+]$ দ্বারা গুন করে পাই

$$\frac{[HA] \times [H^+] \times [OH^-]}{[H^+] \times (A^-)}$$

$$[\text{OH}^-] \text{ এবং } K_a = \frac{[H^+] \times [A^-]}{[HA]}$$

এখন K_h এর মান (ii) সমীকরণে বসিয়ে পাই

$$[OH^-] = \sqrt{\frac{K_w \times C}{K_a}}$$

$$\frac{K_w}{[H^+]} = \sqrt{\frac{K_w \times C}{K_a}} \quad \text{যেহেতু } K_w = [H^+][OH^-] \text{ বা } [OH^-] = \frac{K_w}{[H^+]}$$

$$\frac{H^+}{K_W} = \sqrt{\frac{K_a}{K_W \times C}}$$

$$H^+ = \sqrt{\frac{K_W \times K_a}{C}}$$


উভয়পক্ষে $-\log_{10}$ নিয়ে পাই

$$-\log_{10} [\text{H}^+] = -\frac{1}{2}\log K_w - \frac{1}{2}\log K_b + \frac{1}{2}\log C$$

$$pH = \frac{1}{2}pK_w + \frac{1}{2}pK_a + \frac{1}{2}\log C$$

16. ମୃଦୁ ଅୟାସିତ ଓ ମୃଦୁ କ୍ଷାରେର ଲବଣେର ଆର୍ଡ ବିଶ୍ଳେଷଣେର ଫଳେ ଉତ୍ପନ୍ନ ଦ୍ରବ୍ୟରେ ଦ୍ୱାଚ୍ ଏବଂ ରାଶିଗାଲା ଗଣା କର ।

উত্তর— ধরা যাক BA একটি মনু অ্যাসিড (HA) ও মনু ক্ষার (BOH), এর লবণ। সূতরাং BA লবণটি আন্দিবিশেষণ নিম্নরূপে ঘটে,



সুতরাং আন্দ্রবিশ্লেষণ ধ্রুবক (Hydrolytic constant)

$$K_h = K_{\text{H}_2\text{O}} = \frac{K}{[\text{B}^+] \times [\text{A}^-]} \quad \dots \quad (\text{i})$$

$$K_h = \frac{\alpha C \times \alpha C}{(1-\alpha)C \times (1-\alpha)C}$$

$$K_h = \frac{\alpha^2}{(1-\alpha)^2}$$

$$\frac{\alpha}{(1-\alpha)} = \sqrt{K_h} \quad \dots \quad (\text{ii})$$

আবার (i) সমীকরণের ডানপক্ষের লব এবং হরকে $[\text{H}^+][\text{OH}^-]$ দ্বারা গুণ করে পাই

$$K_h = \frac{[\text{BOH}] \times [\text{HA}] \times [\text{H}^+] \times [\text{OH}^-]}{[\text{B}^+] \times [\text{A}^-] \times [\text{H}^+] \times [\text{OH}^-]}$$

$$K_h = \frac{K_w}{K_b \times K_a} \quad \dots \quad (\text{iii})$$

সুতরাং (ii) এবং (iii) সমীকরণ থেকে পাই

$$\frac{\alpha}{1-\alpha} = \sqrt{\frac{K_w}{K_b \times K_a}} \quad \dots \quad (\text{iv})$$

আবার ছঙ্গ একটি মৃদু অ্যাসিড হওয়ায় এটি আংশিকভাবে বিয়োজিত হয়।



$$K_a = \frac{[\text{H}^+] \times [\text{A}^-]}{[\text{HA}]}$$

$$K_a = \frac{[\text{H}^+] \times (1-\alpha)C}{\alpha C}$$

$$[\text{H}^+] = K_a \times \sqrt{\frac{K_w}{K_b \times K_a}} \quad \dots \quad (\text{v})$$

এখন (iv) এবং (v) সমীকরণ থেকে পাই

$$[H^+] = K_a \times \sqrt{\frac{K_w}{K_b \times K_a}}$$

$$[H^+] = \sqrt{\frac{K_w \times K_a}{K_b}}$$


উভয়পক্ষে $-\log_{10}$ নিয়ে পাই

$$-\log_{10} [\text{H}^+] = -\frac{1}{2}\log \text{Kw} + \frac{1}{2}\log \text{Kb} - \frac{1}{2}\log \text{Ka}$$

$$\text{pH} = \frac{1}{2}\text{pK}_w - \frac{1}{2}\text{pK}_b + \frac{1}{2}\text{pK}_a$$

17. ମୃଦୁ ଆସିଦ ଓ ମୃଦୁ କ୍ଷାରେର ଲବନେର ଆର୍ଡ ବିଶ୍ଳେଷଣେର ଫଳେ ଉତ୍ପନ୍ନ ଦ୍ରବନେର pH ଗାଁତ୍ତେର ଉପର ନିର୍ଭର କରେ ନା । ପ୍ରମାଣ କର ।

উত্তর— ধরা যাক BA একটি মুদু অ্যাসিড (HA) ও মুদু ক্ষার (BOH), এর লবণ। সূতরাং BA লবণটি আন্দরিশেষ নিম্নরূপে ঘটে,



সুতরাং ভরক্রিয়ার সুপ্রানুসারে বিক্রিয়ার সাম্যঝৰ্বক

$$K = \frac{BOH \times [HA]}{[B^-] \times [A^-] \times [H_2O]}$$

সুতরাং আদ্রবিশ্লেষণ ধ্রুবক (Hydrolytic constant)

$$K_w = K[H_2O] = \frac{BOH \times [HA]}{[B^-] \times [A^-]} \quad \dots \dots \dots \quad (i)$$

$$K_h = \frac{\alpha C \times \alpha C}{(1-\alpha)C \times (1-\alpha)C}$$

$$K_h = \frac{\alpha^2}{(1-\alpha)^2}$$

$$\frac{\alpha}{(1-\alpha)} = \sqrt{K_h} \quad \dots \dots \dots \quad (\text{iii})$$

আবার (i) সমীকরণের ডানপক্ষের লব এবং হরকে $[H^+][OH^-]$ দ্বারা গুন করে পাটি

$$K_h = \frac{[BOH] \times [HA] \times [H^+] \times [OH^-]}{[B^-] \times [A^-] \times [H^+] \times [OH^-]}$$

$$K_h = \frac{K_w}{K_b \times K_a} \quad (iii)$$

সুতরাং (ii) এবং (iii) সমীকরণ থেকে পাই

$$\frac{\alpha}{1-\alpha} = \sqrt{\frac{K_w}{K_b \times K_a}} \quad \dots \dots \dots \text{(iv)}$$

আবার HA একটি মৃদু অ্যাসিড হওয়ায় এটি আংশিকভাবে বিয়োজিত হয়।



$$K_a = \frac{[H^+] \times [A^-]}{[HA]}$$

$$K_a = \frac{[H^+] \times (1-\alpha)C}{\alpha C}$$

$$[H^+] = K_a \times \frac{\alpha}{(1-\alpha)} \quad \dots \dots \dots \text{(v)}$$

এখন (iv) এবং (v) সমীকরণ থেকে পাই

$$[H^+] = K_a \times \sqrt{\frac{K_w}{K_b \times K_a}}$$

$$[H^+] = \sqrt{\frac{K_w \times K_a}{K_b}}$$

উভয়পক্ষে $-\log_{10}$ নিয়ে পাই


$$-\log_{10} [H^+] = -\frac{1}{2} \log K_w + \frac{1}{2} \log K_b - \frac{1}{2} \log K_a$$

$$pH = \frac{1}{2} pK_w - \frac{1}{2} pK_b + \frac{1}{2} pK_a \quad \dots \dots \dots \text{(vi)}$$


যেহেতু (vi) নম্বর সমীকরণটিতে গাঢ়ত্বের কোন রাশি নেই সেই কারণে মৃদু অ্যাসিড ও মৃদু ক্ষার থেকে উদ্ভূত লবণের আদ্র বিশ্লেষণের ফলে উৎপন্ন দ্রবণের দ্বারা গাঢ়ত্বের উপর নির্ভর করে না।

18. মৃদু অ্যাসিড ও মৃদু ক্ষারের লবণের আদ্র বিশ্লেষণ প্রক্রিয়া গাঢ়ত্বের উপর নির্ভর করে না। প্রমাণ কর

উত্তর—ধরা যাক BA একটি মৃদু অ্যাসিড (HA) ও মৃদু ক্ষার (BOH), এর লবণ। সুতরাং BA লবণটি আদ্রবিশ্লেষণ নিম্নরূপে ঘটে,



মৃদু ক্ষার মৃদু অ্যাসিড



সুতরাং ভরক্রিয়ার সূত্রানুসারে বিক্রিয়ার সাম্যপ্রক্রিয়া

$$K = \frac{[BOH][HA]}{[B^-][A^-][H_2O]}$$

সূতরাং আন্দিশেষণ ধ্রুবক (Hydrolytic constant)

$$K_h = \frac{\alpha C \times \alpha C}{(1-\alpha)C \times (1-\alpha)C}$$

$$K_h = \frac{\alpha^2}{(1-\alpha)^2}$$

আবার (i) সমীকরণের ডানপক্ষের লব এবং হরকে $[H^+][OH^-]$ দ্বারা গুন করে পাই

$$K_h = \frac{[BOH] \times [HA] \times [H^+] \times [OH^-]}{[B^-] \times [A^-] \times [H^+] \times [OH^-]}$$

$$K_h = \frac{K_w}{K_b \times K_a} \dots \dots \dots \text{(iii)}$$

যেহেতু (iii) নম্বর সমীকরণে গাঢ়ত্বের কোন রাশি নেই তাই আর্দ্ধ বিশ্লেষণ প্রক্রিয়ার উপর নির্ভর করে না।

১৯. বাফার দ্রবণ কাকে বলে? বাফার দ্রবণ কত প্রকার ও কী কী?

উক্তর— যে সব দ্রবণে বাইরে থেকে সামান্য পরিমাণ অ্যাসিড বা ক্ষার যোগ করলে দ্রবণের pH পরিবর্তনে বাধা দেয় তাকে বাফার দ্রবণ বলে।

বাফার দ্রবণ তিনি প্রকার

i) অ্যাসিড বাফার : যে সব বাফার দ্রবণ একটি মৃদু অ্যাসিড এবং ঐ মৃদু অ্যাসিডের লবণ দ্বারা গঠিত হয় তাকে অ্যাসিড বাফার বলে। এখানে মৃদু অ্যাসিডের লবণ বলতে ঐ মৃদু অ্যাসিড এবং তীব্র ক্ষার দ্বারা উৎপন্ন লবণকে বোঝায়। যেমন CH_3COOH ও CH_3COONa মিশ্রণ হল একটি অ্যাসিড বাফারের মিশ্রণ। অ্যাসিড বাফারের pH এর সীমা হল 2 থেকে 6।

ii) ক্ষারীয় বাফার : যে সব বাফার দ্রবণ একটি মৃদু ক্ষার এবং ঐ ক্ষারের লবণের মিশ্রণ দ্বারা গঠিত হয় তাকে ক্ষারীয় বাফার বলে এখানে মৃদু ক্ষারের লবণ বলতে ঐ মৃদু ক্ষার এবং তীব্র অ্যাসিড দ্বারা উৎপন্ন লবণকে বোঝায় যেমন



অ্যামোনিয়াম হাইড্রোক্লাইড ও অ্যামোনিয়াম ক্লোরাইডের মিশ্রণ হল একটি ক্ষারীয় বাফারের উদাহরণ ক্ষারীয় বাফারের pH এর সীমা হল 7 থেকে 11

iii) প্রশম বাফার যে বাফার দ্রবণ একটি বহুক্ষারিক অ্যাসিডের দুটি লবণের মিশ্রণ অথবা একটি মৃদু অ্যাসিড ও একটি মৃদু ক্ষারের বিক্রিয়ায় উৎপন্ন লবণ বাফার লবণ হিসেবে আচরণ করে তাকে তাকে প্রশম বাফার বলে। যেমন, Na_2HPO_4 ও Na_2HPO_4 লবণ দুটির মিশ্রণ হল প্রশম বাফার উদাহরণ যা একটি বহুক্ষারিক অ্যাসিডের দুটি লবণের। অপরপক্ষে $\text{CH}_3\text{COONH}_4$ লবণটি একটি মৃদু অ্যাসিড ও একটি মৃদু ক্ষারের বিক্রিয়ায় উৎপন্ন লবণ হল একটি বাফার দ্রবণের উদাহরণ। অ্যাসিড বাফারের pH 7 এর কাছাকছি থাকে।


20. একটি আল্লিক ও একটি ক্ষারীয় বাফার দ্রবণের কার্য প্রণালী বর্ণনা কর।

উত্তর— ধরা যাক একটি আল্লিক বাফার যেমন CH_3COOH ও CH_3COONa মিশ্রণে সামান্য পরিমাণ হাইড্রোক্লোরিক অ্যাসিড যোগ করা হল। সুতরাং দ্রবণে H^+ আয়ন যোগ করার ফলে দ্রবণের pH পরিবর্তন হওয়ার কথা কিন্তু H^+ আয়ন দ্রবণে CH_3COO^- , আয়নের সঙ্গে বিক্রিয়া করে CH_3COOH উৎপন্ন করে। যেহেতু দ্রবণে H^+ এর কোন রূপ আধিক্য ঘটে না তাই দ্রবণের pH এর কোন পরিবর্তন ঘটে না।

রাসায়নিক বিক্রিয়া ,



তেমনি দ্রবণে ক্ষার যেমন NaOH যোগ করলে pH এর কোন পরিবর্তন ঘটে না কারণ NaOH থেকে প্রাপ্ত OH^- আয়ন অ্যাসিডের H^+ আয়নের সঙ্গে বিক্রিয়া জল উৎপন্ন করে। ফলে দ্রবণে OH^- এর কোন আধিক্য না থাকায় দ্রবণটির pH মানের এর কোন পরিবর্তন ঘটে না।



21. বাফার ক্ষমতা বলতে কী বোঝ?

উত্তর— কোন বাফার দ্রবণে সামান্য পরিমাণ অ্যাসিড বা ক্ষার যোগ করলে বাফার দ্রবণটি pH পরিবর্তনে বাধা দেয়। pH পরিবর্তনে বাধা দেওয়ার এইরূপ ক্ষমতা কে বাফার ক্ষমতা বলে।

সংজ্ঞা, 1 লিটার বাফার দ্রবণের pH এর মান একক পরিবর্তন ঘটাতে যত পরিমাণ প্রাম মোল /লিটার মাত্রার তীব্র অ্যাসিড বা ক্ষারের প্রয়োজন হয় তাকে বাফার দ্রবণের ক্ষমতা বলে।

বাফার ক্ষমতা (β) = $\frac{da}{d(pH)}$ যেখানে da = তীব্র অ্যাসিডের মোল সংখ্যা
 এবং বাফার ক্ষমতা (β) = $\frac{db}{d(pH)}$ যেখানে db = তীব্র ফ্লারের মোল সংখ্যা

22. কোন বাফার দ্রবণের ক্ষমতা 0.03 বলতে কী বোঝ?

উত্তর— কোন বাফার দ্রবণের ক্ষমতা 0.03 বলতে বুঝি 1 লিটার বাফার দ্রবণের pH এর মান একক পরিবর্তন ঘটাতে কোন তীব্র অ্যাসিড বা ফ্লারের 0.03 মোলের প্রয়োজন হবে।

23. প্রমাণ কর কোন অ্যাসিড বাফার দ্রবণের $pH = pK_a + \log_{10} \frac{[নর্মাল]}{[অ্যাসিড]}$

উন্নর— ধৰা যাক একটি মৃদু অ্যাসিড HA এবং মৃদু অ্যাসিড HA শতৈগ্র ক্ষার BOH এর লবণ BA মিশ্রিত হয়ে একটি বাফার দ্রবণ উৎপন্ন করে। HA বিরোজিত হয়ে ক্যাটাইজন রূপে H^+ আয়ন এবং অ্যানায়ান রূপে A- আয়ন উৎপন্ন করে।



অতএব অ্যাসিডের বিশ্লেষণ ধৰক $K_a = \frac{[H^+] \times [A^-]}{[HA]}$

$$[H^+] = K_a \frac{[HA]}{[A^-]}$$

উভয়পক্ষে $-\log_{10}$ নিয়ে পাই

$$-\text{Log}_{10} [\text{H}^+] = -\text{Log}_{10} (K_a \frac{[\text{HA}]}{[\text{A}^-]})$$

$$-\log_{10} [\text{H}^+] = -\log_{10} K_a - \log_{10} \left(\frac{[\text{HA}^-]}{[\text{A}^-]} \right)$$

আবার MA একটি মৃদু অ্যাসিড ও তীব্র ক্ষারের লবণ হওয়ায় এটি সম্পূর্ণ রূপে বিয়োজিত হয়ে M^+ ও A^-

তায়ন উৎপন্ন করে। ফলে সমতায়ন প্রভাবের ফলে HA এর বিয়োজন মাত্রা হ্রাস পায়। ফলস্বরূপ দ্রবণে [A-] এর গাঢ়ত্ব প্রায় MA লবণের গাঢ়ত্বের সমান হয়। সুতরাং (i) নম্বর সমীকরণে [A-] এর পরিবর্তে [MA] এর মান বসিয়ে পাই।

$$pH = pK_a + \log_{10} \frac{[MA^-]}{[HA]}$$

$$pH = pK_a + \log_{10} \frac{[\text{লবণ}]}{[\text{অ্যাসিড}]}$$

এটি হল অ্যাসিড বাফার দ্রবণের pH নির্ণয়ের রাশিমালা যা হেগুরসন সমীকরণ নামে পরিচিত।

24. প্রমাণ কর কোন ক্ষারীয় বাফার দ্রবণের $pOH = pK_b + \log_{10} \frac{[\text{লবণ}]}{[\text{ক্ষার}]}$

উত্তর— ধরা যাক একটি ক্ষার BOH এবং তীব্র অ্যাসিড HA এর লবণ BA মিশ্রিত হয়ে একটি বাফার দ্রবণ উৎপন্ন করে। BOH বিয়োজিত হয়ে ক্যাটায়ন রূপে B^+ আয়ন এবং অ্যানায়ন রূপে OH^- আয়ন উৎপন্ন করে।



$$\text{অতএব ক্ষারের বিয়োজন ধ্রবক } K_b = \frac{[B^+] \times [OH^-]}{[BOH]}$$

$$[OH^-] = K_b \frac{[BOH]}{[B^+]}$$

উভয়পক্ষে $-\log_{10}$ নিয়ে পাই

$$-\log_{10} [OH^-] = -\log_{10} (K_b \frac{[BOH]}{[B^+]})$$

$$-\log_{10} [OH^-] = -\log_{10} K_b - \log_{10} \left(\frac{[BOH]}{[B^+]} \right)$$

$$pOH = pK_b + \log_{10} \frac{[B^+]}{[BOH]}(i)$$

আবার BA একটি মৃদু ক্ষার ও তীব্র অ্যাসিডের লবণ হওয়ায় এটি সম্পূর্ণ রূপে বিয়োজিত হয়ে B^+ ও A^- আয়ন উৎপন্ন করে। ফলে সমায়ন প্রভাবের ফলে BOH এর বিয়োজন মাত্রা হ্রাস পায়। ফলশ্বরূপ দ্রবণে $[B^+]$ এর গাঢ়ত্ব প্রায় BA লবণের গাঢ়ত্বের সমান হয়। সুতরাং (i) নম্বর সমীকরণে $[B^+]$ এর পরিবর্তে $[BA]$ এর মান বসিয়ে পাই।

$$pOH = pK_b + \log_{10} \frac{[BA]}{[BOH]}$$

$$pOH = pK_b + \log_{10} \frac{[\text{লবণ}]}{[\text{ক্ষার}]}$$

এটা ক্ষারীয় বাফার দ্রবণের pOH নির্ণয়ের রাশিমালা যা হেগুরসন সমীকরণ নামে পরিচিত।

25. দ্রাব্যতা গুণফল বলতে কী বোঝা?

উত্তর— একটি নির্দিষ্ট উষ্ণতায় কোন স্বল্পদ্রাব্য লবণের সম্পৃক্ত জলীয় দ্রবণ থেকে উদ্ভূত ক্যাটায়ন ও অ্যানায়নগুলির যথা উপযুক্ত ঘাতসহ মৌলার গাঢ়ত্বের গুণফলকে ঐ উষ্ণতায় স্বল্পদ্রাব্য লবণের দ্রাব্যতা গুণফল বলে।

ধরা যাক একটি স্বল্পদ্রাব্য লবণ AgCl এর সম্পৃক্ত জলীয় দ্রবণে বিয়োজিত হয়ে $\text{Ag}^{+}(\text{aq})$ ও $\text{Cl}^{-}(\text{aq})$ উৎপন্ন করে এবং অবিয়োজিত $\text{AgCl}(\text{S})$ এর সঙ্গে সাম্যাবস্থা বজায় থাকে।




$$\text{অতএব ভরক্রিয়ার সূত্রানুসারে সাম্যাবস্থার সম্পৃক্তি } K = \frac{[\text{Ag}^{+}] \times [\text{Cl}^{-}]}{[\text{AgCl}(\text{s})]}$$

$$\text{বা } K[\text{AgCl}(\text{S})] = [\text{Ag}^{+}(\text{aq})][\text{Cl}^{-}(\text{aq})]$$

$$\text{বা } K_{\text{sp}} = [\text{Ag}^{+}(\text{aq})][\text{Cl}^{-}(\text{aq})] \text{ যেখানে } K_{\text{sp}} = \text{দ্রাব্যতা গুণফল}$$

26. A_xB_y জাতীয় স্বল্পদ্রাব্য লবণের দ্রাব্যতা ও দ্রাব্যতা গুণফলের মধ্যে সম্পর্ক নির্ণয় কর।

উত্তর— স্বল্পদ্রাব্য A_xB_y লবণের সম্পৃক্ত জলীয় দ্রবণে বিয়োজিত হয়ে ক্যাটায়ন রূপে A^{y+} এবং অ্যানায়ন রূপে B^{x-} আয়ন উৎপন্ন করে। উৎপন্ন A^{y+} এবং B^{x-} আয়নগুলি অবিয়োজিত $\text{A}_x\text{B}_y(\text{S})$ এর সঙ্গে সাম্যাবস্থায় থাকে। ধরা যাক A_xB_y লবণের সম্পৃক্ত দ্রবণে দ্রাব্যতা (মোল/ লিটার



সাম্যাবস্থায় S মোল/ লিটার $x\text{S}$ মোল/ লিটার $y\text{S}$ মোল/ লিটার

$$\text{সূত্রাং } K = \frac{(\text{A}^{y+})^x \times (\text{B}^{x-})^y}{(\text{A}_x\text{B}_y)}$$

$$\text{বা } K \times \text{A}_x\text{B}_y(\text{s}) = (\text{A}^{y+})^x \times (\text{B}^{x-})^y$$

$$\text{বা } K_{\text{sp}} = (\text{A}^{y+})^x \times (\text{B}^{x-})^y$$

$$\text{বা } K_{\text{sp}} = (x\text{S})^x \times (y\text{S})^y$$

$$\text{বা } K_{\text{sp}} = (x^x\text{S}^x) \times (y^y\text{S}^y)$$

$$\text{বা } K_{\text{sp}} = (x^x y^y) \times \text{S}^{(x+y)}$$

এটি হল A_xB_y জাতীয় স্বল্পদ্রাব্য লবণের দ্রাব্যতা ও দ্রাব্যতা গুণফলের মধ্যে সম্পর্ক

27. নিম্নলিখিত স্বল্পদ্রাব্য লবণগুলির দ্রাব্যতা এবং দ্রাব্যতা গুণফলের মধ্যে সম্পর্ক নির্ণয় কর।

- i) CaF_2 , ii) $\text{Ca}_3(\text{PO}_4)_2$, iii) BaSO_4

উত্তর— i) CaF_2 এর দ্রাব্যতা এবং দ্রাব্যতা গুণফলের মধ্যে সম্পর্ক :

স্বল্পদ্রাব্য CaF_2 লবণের সম্পৃক্ত জলীয় দ্রবণে বিয়োজিত হয়ে ক্যাটায়ন রূপে Ca^{2+} এবং অ্যানায়ন রূপে F^{-} আয়ন উৎপন্ন করে। ধরা যাক CaF_2 লবণের

সম্পৃক্ত দ্রবণে দ্রাব্যতা (মোল/ লিটার)। সুতরাং Ca^{2+} এবং F^- উভয়ের দ্রাব্যতা (মোল/ লিটার)



সাম্যাবস্থায় S মোল/ লিটার S মোল/ লিটার S মোল/ লিটার


$$K_{sp} = [\text{Ca}^{2+}][\text{F}^-]^2$$

$$K_{sp} = S(2S)^2$$

$$K_{sp} = 4S^3$$

এটি হল CaF_2 এর দ্রাব্যতা এবং দ্রাব্যতা গুণফলের মধ্যে সম্পর্ক

ii) স্বল্পদ্রাব্য $\text{Ca}_3(\text{PO}_4)_2$ লবণের সম্পৃক্ত জলীয় দ্রবণে বিয়োজিত হয়ে ক্যাটায়ন রূপে Ca^{2+} এবং অ্যানায়ন রূপে PO_4^{3-} আয়ন উৎপন্ন করে। ধরা যাক $\text{Ca}_3(\text{PO}_4)_2$ লবণের সম্পৃক্ত দ্রবণে দ্রাব্যতা S মোল/লিটার। সুতরাং Ca^{2+} এবং PO_4^{3-} উভয়ের দ্রাব্যতা S মোল/ লিটার



সাম্যাবস্থায় S মোল/ লিটার 3S মোল/ লিটার 2S মোল/ লিটার

$$K_{sp} = [\text{Ca}^{2+}]^3[\text{PO}_4^{3-}]^2$$

$$K_{sp} = (3S)^3 \times (2S)^2$$


$$K_{sp} = 27S^3 \times (4S^2)$$

$$K_{sp} = 108S^5$$

এটি হল $\text{Ca}_2(\text{PO}_4)_3$ এর দ্রাব্যতা এবং দ্রাব্যতা গুণফলের মধ্যে সম্পর্ক

iii) BaSO_4 এর দ্রাব্যতা এবং দ্রাব্যতা গুণফলের মধ্যে সম্পর্ক

স্বল্পদ্রাব্য BaSO_4 লবণের সম্পৃক্ত জলীয় দ্রবণে বিয়োজিত হয়ে ক্যাটায়ন রূপে Ba^{2+} এবং অ্যানায়ন রূপে SO_4^{2-} আয়ন উৎপন্ন করে। ধরা যাক BaSO_4 লবণের সম্পৃক্ত দ্রবণে দ্রাব্যতা (মোল/ লিটার)। সুতরাং Ba^{2+} এবং SO_4^{2-} উভয়ের দ্রাব্যতা (মোল/ লিটার)



সাম্যাবস্থায় S মোল/ লিটার S মোল/ লিটার S মোল/ লিটার

$$K_{sp} = [\text{Ba}^{2+}][\text{SO}_4^{2-}]$$

$$K_{sp} = (S) \times (S)$$

$$K_{sp} = S^2$$

এটি হল BaSO_4 এর দ্রাব্যতা এবং দ্রাব্যতা গুণফলের মধ্যে সম্পর্ক।

28. সমআয়ন প্রভাব বলতে কি বোঝা ?

উত্তর—কোন স্বল্প দ্রাব্য লবণের সম্পৃক্ত দ্রবণে যদি কোন স্বল্প দ্রাব্য লবণের ক্যাটায়ন অথবা অ্যানায়নের সমআয়ন যোগ করা হয় তাহলে স্বল্প দ্রাব্য লবণের দ্রাব্যতা হ্রাস পায়। দ্রাব্যতা হ্রাসের এই ঘটনাকে সমআয়ন প্রভাব বলে। যেমন NH_4OH এর জলীয় দ্রবণে NH_4Cl যোগ করা হয় তাহলে NH_4OH এর দ্রাব্যতা হ্রাস পায়।


29. AgCN এর দ্রবণে KCN করলে AgCN এর দ্রাব্যতা বৃদ্ধি পায় কেন ?

উত্তর—সমআয়ন প্রভাবের জন্য AgCN এর দ্রবণে KCN করলে AgCN এর দ্রাব্যতা হ্রাস পাওয়া উচিত কিন্তু তার পরিবর্তে বৃদ্ধি পায় কারণ AgCN এর সঙ্গে KCN এর বিক্রিয়ায় $\text{K}_2[\text{Ag}(\text{CN})_2]$ নামক একটি জটিল লবণ উৎপন্ন হওয়ায় দ্রাব্যতা বৃদ্ধি পায়। রাসায়নিক বিক্রিয়া




30. KI এর জলীয় দ্রবণে I_2 যোগ করলে দ্রাব্যতা বৃদ্ধি পায় কেন ?

উত্তর— KI এর জলীয় দ্রবণে I_2 যোগ করলে দ্রাব্যতা বৃদ্ধি পায় কারণ KI এর সঙ্গে I_2 এর বিক্রিয়ায় KI_3 নামক একটি জটিল লবণ উৎপন্ন হয়। ফলে দ্রাব্যতা বেড়ে যায়। রাসায়নিক বিক্রিয়া



31. মারকিউরিক আয়োডাইড (HgI_2) জলে সামান্য দ্রাব্য কিন্তু পটাসিয়াম আয়োডাইড (KI) দ্রবণে অত্যন্ত দ্রাব্য। ব্যাখ্যা কর।

উত্তর—মারকিউরিক আয়োডাইড (HgI_2) জলে সামান্য দ্রাব্য কিন্তু পটাসিয়াম আয়োডাইড (KI) দ্রবণে অত্যন্ত দ্রাব্য কারণ মারকিউরিক আয়োডাইডের (HgI_2) এর সঙ্গে পটাসিয়াম আয়োডাইডের (KI) এর বিক্রিয়ায় $\text{K}_2[\text{HgI}_4]$ নামক একটি জটিল লবণ উৎপন্ন হওয়ায় দ্রাব্যতা বেড়ে যায়। রাসায়নিক বিক্রিয়া



32. কোন লবণের সম্পৃক্ত জলীয় দ্রবণ থেকে লবণের অধঃক্ষেপনের শর্ত উল্লেখ কর।

উত্তর—কোন লবণের সম্পৃক্ত জলীয় দ্রবণ থেকে ঐ লবণ অধঃক্ষিপ্ত হবে

যদি লবণটির আয়নীয় গুণফলের মান উহার দ্রাব্যতা গুণফলের মানকে অতিক্রম করে অর্থাৎ আয়নীয় গুণফলের মান দ্রাব্যতা গুণফলের মান অপেক্ষা বেশি হয়।

কিন্তু লবণের আয়নীয় গুণফলের মান দ্রাব্যতা গুণফলের সমান অথবা ক্ষুদ্রতর হয় তাহলে লবণটি দ্রবীভূত অবস্থায় থাকবে।


33. Cu^{2+} ও Zn^{2+} লবণের একটি আল্লিক ও ক্ষারীয় মিশ্রণে পৃথক পৃথক ভাবে HCl এবং NH_4OH যোগ করলে কোন কী ঘটবে ব্যাখ্যা কর।

উত্তর— আল্লিক দ্রবণে সম, আয়ন প্রভাবের ফলে H_2S এর বিয়োজন মাত্রা হ্রাস পায়। ফলে সালফাইড আয়নের গাঢ়ত্বর হ্রাস পায়। ফলে CuS এর দ্রাব্যতা গুণফলের মান কম হওয়ার জন্য সহজেই CuS এর আয়নীয় গুণফলের মান দ্রাব্যতা গুণফলকে অতিক্রম করতে পারে। অপরপক্ষে NH_4OH এর উপস্থিতিতে H_2S এর বিয়োজন মাত্রা বৃদ্ধি পায়। কিন্তু ZnS এর দ্রাব্যতা গুণফলের মান উচ্চ হওয়ায় কেবলমাত্র ক্ষারীয় মাধ্যমে ZnS এর আয়নীয় গুণফলের মান ইহার দ্রাব্যতা গুণফলকে অতিক্রম করতে পারে। এই কারণে Cu^{2+} আল্লিক মাধ্যমে CuS হিসেবে ও Zn^{2+} লবণটি ক্ষারীয় মাধ্যমে ZnS হিসেবে অধংকিত হয়।

আল্লিক মাধ্যমে বিক্রিয়া :




ক্ষারীয় মাধ্যমে বিক্রিয়া :



34. Mg(OH)_2 জলে স্বল্প দ্রাব্য কিন্তু NH_4Cl দ্রবণে অধিক দ্রাব্য, ব্যাখ্যা কর।

উত্তর— Mg(OH)_2 জলীয় দ্রবণে আংশিভাবে বিয়োজিত হয়ে Mg^{2+} এবং OH^- উৎপন্ন করে। উৎপন্ন Mg^{2+} এবং OH^- অবিয়োজিত Mg(OH)_2 এর সঙ্গে সাম্যাবস্থায় থাকে। এই দ্রবণে NH_4Cl যোগ করলে ইহা বিয়োজিত হয়ে NH_4^+ এবং Cl^- আয়ন উৎপন্ন করে। NH_4^+ আয়ন OH^- আয়নের সঙ্গে বিক্রিয়া করে NH_4OH উৎপন্ন করে ফলে পশ্চাত্মক বিক্রিয়ার হার হ্রাস পায়। কিন্তু Mg(OH)_2 এর বিয়োজন মাত্রা বৃদ্ধি পায় ফলে Mg(OH)_2 এর দ্রাব্যতা বৃদ্ধি পায়।





$\text{NH}_4^+ + \text{OH}^- \rightarrow \text{NH}_4\text{OH}$ । এই কারণে $\text{Mg}(\text{OH})_2$ জলে স্বল্প দ্রব্য হলেও NH_4Cl দ্রবণে অধিক দ্রব্য।


৩৫. সূচক বা নির্দেশক বলতে কী বোঝ? নির্দেশক কত প্রকার ও কী কী?

উত্তর— যে সব রাসায়নিক পদার্থ কোন বিক্রিয়া তত্ত্বে সামান্য পরিমাণে উপস্থিত থেকে রাসের পরিবর্তন ঘটিয়ে অ্যাসিড, ক্ষার, জারক, বিজারক ইত্যাদি টাইট্রেশনের সমাপ্তি, ক্ষণ বা প্রশমনক্ষণ নির্দেশ করে তাকে নির্দেশক বলে।

নির্দেশক সাধারণতঃ তিনি প্রকার যথা

- i) অ্যাসিড-ক্ষার নির্দেশক
- ii) জারণ-বিজারণ নির্দেশক
- iii) অধিশোষণ সূচক

iv) অ্যাসিড-ক্ষার নির্দেশক-অ্যাসিড-ক্ষার নির্দেশক হল একটি জৈব অ্যাসিড বা ক্ষার যেগুলি দ্রবণে H^+ বা OH^- আদান-প্রদানের মাধ্যমে রাসায়নিক গঠনের পরিবর্তন ঘটায়। অ্যাসিড-ক্ষার নির্দেশক মূলতঃ দুটি টটোমেরিক আকারে গঠিত যার একটি বেঞ্জিনয়েড গঠন (বণহীন) এবং অপরটি কুইনোনয়েড গঠন (বণহীন বর্ণযুক্ত) গঠন। যেমন ফেনলফথ্যালিন আলিক দ্রবণে বণহীন যেহেতু এটি আলিক দ্রবণে বেঞ্জিনয়েড গঠন রূপে থাকে কিন্তু ক্ষারীয় দ্রবণে কুইনোনয়েড আকারে লাভ করে বলে ইহার ক্ষারীয় দ্রবণ গোলাপি।



বেঞ্জিনয়েড গঠন (বণহীন) কুইনোনয়েড গঠন (গোলাপী)

অ্যাসিড মাধ্যম

ক্ষারীয় মাধ্যম


- ii) জারণ-বিজারণ নির্দেশক

উত্তর— যে সকল সূচক কোন জারণ-বিজারণ বিক্রিয়ায় তড়িৎ বিভবের

পরিবর্তনের সাথে নিজের বর্ণের পরিবর্তন ঘটিয়ে বিক্রিয়ার তুল্যাংক বিন্দু নির্দেশ করে তাকে জারণ-বিজারণ নির্দেশক বলে।

যেমন ডাইফিনাইল অ্যামিন জারিত ও বিজারিত আকারে বিভিন্ন বর্ণ ধারণ করে। যেমন ডাই ফিনাইল অ্যামিন তুল্যাংক বিশুদ্ধতে তড়িৎ বিভব করে ($E^0 = 0.76 \text{ V}$) দ্রবণের বর্ণ বর্ণনী থেকে বেগুনী বর্ণে পরিবর্তিত হয়।

গাঢ় H_2SO_4 -এ ১% ডাই ফিনাইল অ্যামিন যোগ করে নির্দেশক প্রস্তুত করা হয়। বর্ণ পরিবর্তনের সময় ডাইফিনাইল অ্যামিনের নিম্ন লিখিত রাসায়নিক পরিবর্তন ঘটে।



ডাইফিনাইল বেঞ্জিডিন ভায়োলেট

iii) অধিশোষণ সূচক,

টাইট্রেশন বিক্রিয়ায় যখন কোন বিক্রিয়াত পদার্থ এর অধংক্ষেপ পড়ে এবং উৎপন্ন অধংক্ষেপ সূচককে অধিশোষণ করে বর্ণের পরিবর্তন ঘটিয়ে প্রশমন ক্ষণ নির্দেশ করে তখন তাকে অধিশোষণ সূচক বলে। যেমন ফ্লুরোসিন সূচকের উপস্থিতিতে পটাসিয়াম ক্লোরাইড ও সিলভার নাইট্রেট টাইট্রেশন যে সিলভার ক্লোরাইডের অধংক্ষেপ পড়ে তার উপরে সূচকের অ্যানারন অধিশোষিত হয়। ফলে সামান্য সিলভার আয়ন যোগ করা মাঝেই বেগুনি বর্ণ দেখায়।

৩৬. প্রমাণ কর $pH = pK_{In} - 1$ যেখানে K_{In} = নির্দেশকের বিয়োজন ধ্রুবক

উত্তর—অসমোয়ান্ডের তত্ত্ব অনুসারে নির্দেশক হল একটি দুর্বল জৈব অ্যাসিড। এটি দ্রবণে আংশিক ভাবে আয়নিত হয়ে H^+ এবং In^- আয়ন উৎপন্ন করে। উৎপন্ন H^+ এবং In^- আয়ন অবিবোজিত অণৰ সঙ্গে সাম্যাবস্থায় থাকে। বিক্রিয়া



সুতরাং ভর ক্রিয়ার সূত্রানুসারে

$$\text{সাম্য ধ্রুবক } K_{In} = \frac{[H^+] \times [In^-]}{[InH]}$$

যেখানে K_{In} = নির্দেশকের বিয়োজন ধ্রুবক

এখন (i) সমীকরণের উভয় পক্ষকে $-\log_{10}$ নিয়ে পাই

$$-\log_{10} [\text{H}^+] = -\log_{10}\left(\frac{K_{ln} \times [\text{InH}]}{[\text{InH}^-]}\right)$$

$$-\log_{10} [H^+] = -\log_{10} K_{ln} - \log_{10} \left(\frac{[InH]}{[In^-]} \right)$$

পরীক্ষা করে দেখা গেছে যখন $\frac{InH}{In^-} \geq 10$ তখন সূচকের অ্যাসিড বর্ণ

সবচেয়ে ভাল দৃশ্যমান হয়।

সেক্ষেত্রে (ii) নম্বর সমীকরণ থেকে পাই

$$\text{pH} = \text{pk}_{\text{In}} + 1$$

আবার যখন $\frac{[InH]}{[In^-]} \geq \frac{1}{10}$ তখন ক্ষারীয় বর্ণ সঠিক বোৰা যায়।

সুতরাং (ii) নম্বর সমীকরণ থেকে পাই

সেক্ষেত্রে (ii) নম্বর সমীকরণ থেকে পাই

$$\text{pH} = \text{pk}_{\text{In}} - 1$$

তুল্যাংক বিন্দুতে $\text{In}^- = \text{InH}$

সূতরাং $\text{pH} = \text{pK}_{\text{In}}$

যেমন মিথাইল অরেঞ্জের pK_{In} এর মান ৩.৬

আবার প্রশমন বিন্দুতে যখন ধীরে ধীরে অ্যাসিড যোগ করা হয় তখন নির্দেশকেরে

বর্ণ হাল্কা হতে থাকে এবং চূড়ান্ত দ্রশ্যমান ঘনত্ব $\frac{[In^-]}{[InH]} = 10$

সুতরাং (ii) নম্বর সমীকরণ থেকে পাই

$$pH = pK_{ln} + \log_{10} 10$$

$$pH = pK_{In} + 1$$

অতএব কোন অ্যাসিড ও শ্বার নির্দেশকের pH সীমা $pH = pK_{In} \pm 1$

৩৭. নিম্নলিখিত নির্দেশকগুলির pH সীমা লেখ।

- i) ମିଥାଇଲ ଅରେଞ୍ଜ, ii) ଫେନଲଫଥ୍ୟାଲିନ, iii) ଥାଇମଲ ବୁ

উত্তর— i) মিথাইল অরেঞ্জের pH সীমা = 3.1 – 3.7


ii) ফেনলফথ্যালিনের pH সীমা = 8.3 – 10.4

iii) থাইমল ব্লু-এর pH সীমা = 8.0– 9.6

গাণিতিক প্রশ্নোত্তর

1. 0.1(M) কোন মৃদু ক্ষারের বিয়োজন মাত্রা 1.5% হলে ঐ মৃদু ক্ষারের H⁺ এবং OH⁻ গাঢ়ত্ব নির্ণয় কর।

উত্তর— ধরা যাক একটি মৃদু ক্ষার BOH



$$\text{সুতরাং } \text{OH}^- \text{ এর গাঢ়ত্ব} = [\text{OH}^-] = \text{Ca}$$

$$= 0.1 \times 0.015 \text{ mole/litre} \quad [\text{বিয়োজন মাত্রা } \alpha = 1.5\% \text{ এবং } C = 0.1\text{M}]$$

$$= 1.5 \times 10^{-3} \text{ mole/litre}$$

$$\text{H}^+ \text{ এর মৌলার গাঢ়ত্ব} [\text{H}^+] = \frac{K_w}{[\text{OH}^-]}$$



$$= \frac{1 \times 10^{-14}}{1.5 \times 10^{-2}}$$

$$= 6.66 \times 10^{-12} \text{ mole/litre}$$

2. 27°C তাপমাত্রায় 0.01N CH₃COOH এর বিয়োজন ধ্রুবকের মান নির্ণয় কর।

অ্যাসিডের বিয়োজন মাত্রা $\alpha = 2\%$

উত্তর—



$$\text{অতএব অ্যাসিডের বিয়োজন ধ্রুবক } K_a = \frac{[\text{CH}_3\text{COO}^-][\text{H}^+]}{[\text{CH}_3\text{COO}^-]}$$

$$K_a = \frac{C\alpha \times C\alpha}{(1-\alpha)C}$$

$$\text{বা } K_a = \alpha^2 C$$

বা $K_a = 0.022 \times 0.01$, [বিয়োজন মাত্রা (α) = 0.02, গাঢ়ত্ব (C) = 0.01 M এর মান বসিয়ে]

$$\text{বা } K_a = 2 \times 10^{-6}$$

3. 25°C তাপমাত্রায় জলের আয়নীয় গুণফলের মান 1×10^{-14} । ঐ তাপমাত্রায় প্রতি c.c জলে $[\text{H}^+]$ এবং $[\text{OH}^-]$ এর সংখ্যা কত?

উত্তর— এখানে $K_w = 1 \times 10^{-14}$

আমরা জানি জলের আয়নীয় গুণফল $K_w = [\text{H}^+] \times [\text{OH}^-]$

বা $[\text{H}^+] \times [\text{H}^+] = K_w$ যেহেতু $[\text{H}^+] = [\text{OH}^-]$

$[\text{H}^+]^2 = 1 \times 10^{-14}$

$[\text{H}^+] = 1 \times 10^{-7}$ গ্রাম আয়ন / লিটার

$[\text{H}^+] = 1 \times 10^{-10}$ গ্রাম আয়ন / সি.সি

$[\text{H}^+] = 6.023 \times 10^{23} \times 10^{-10}$ টি আয়ন / OH^-

যেহেতু $[\text{H}^+] = [\text{OH}^-]$

সুতরাং প্রতি সি.সি জলে OH^- আয়নের সংখ্যা $6.023 \times 10^{23} \times 10^{-10}$ টি

4. 25°C তাপমাত্রায় জলের আয়নীয় গুণফলের মান 1×10^{-14} । ঐ তাপমাত্রায় $[\text{H}^+]$ এবং $[\text{OH}^-]$ এর গাঢ়ত্ব কত?

উত্তর—এখানে $K_w = 1 \times 10^{-14}$

আমরা জানি জলের আয়নীয় গুণফল $K_w = [\text{H}^+] \times [\text{OH}^-]$

বা $[\text{H}^+] \times [\text{H}^+] = K_w$ যেহেতু $[\text{H}^+] = [\text{OH}^-]$

বা $[\text{H}^+]^2 = 1 \times 10^{-14}$

বা $[\text{H}^+] = 1 \times 10^{-7}$ গ্রাম আয়ন / লিটার

সুতরাং $[\text{OH}^-] = 1 \times 10^{-7}$ গ্রাম আয়ন / লিটার

5. 25°C তাপমাত্রায় NaOH দ্রবণের pH এর মান 12। ঐ দ্রবণের $[\text{OH}^-]$ আয়নের গাঢ়ত্ব বা।

উত্তর— আমরা জানি

$\text{pH} + \text{pOH} = 14$

বা $1_2 + \text{pOH} = 14$ [যেহেতু দ্রবণের pH = 12]


বা $\text{pOH} = 14 - 12$

বা $\text{pOH} = 2$

বা $[\text{OH}^-] = 10^{-2}$

বা $[\text{OH}] = 0.02 \text{ mole/lit}$

6. 25°C তাপমাত্রায় 10^{-10} M HCl দ্রবণের স্থিতি নির্ণয় কর।



$$10^{-10}\text{M} \quad 10^{-10}\text{M}$$



10^{-7} [যেহেতু 25°C তাপমাত্রায় জলের বিয়োজন ধূমকের মান 10^{-14}]

সুতরাং H^+ এর মোট গাঢ়ত্ব $= (10^{-10} + 10^{-7})\text{M}$

$$= 1.001 \times 10^{-7}$$

$$\text{বা pH} = -\log[\text{H}^+]$$

$$\text{বা pH} = -\log [1.001 \times 10^{-7}]$$

$$\text{বা pH} = 7$$

সুতরাং 25°C তাপমাত্রায় 10^{-10} M HCl দ্রবণের pH 7

7. 25°C তাপমাত্রায় 10^{-8} M HCl দ্রবণের pH নির্ণয় কর।



$$10^{-8}\text{M} \quad 10^{-8}\text{M}$$



10^{-7} [যেহেতু 25°C তাপমাত্রায় জলের বিয়োজন ধূমকের মান 10^{-14}]

সুতরাং H^+ এর মোট গাঢ়ত্ব $= (10^{-8} + 10^{-7})\text{M}$

$$= 1.1 \times 10^{-7}$$

$$\text{বা pH} = -\log[\text{H}^+]$$

$$\text{বা pH} = -\log [1.1 \times 10^{-7}]$$

$$\text{বা pH} = 6.96$$

সুতরাং 25°C তাপমাত্রায় 10^{-8} M HCl দ্রবণের pH = 6.96

8. 50 সি. সি. 0.2 M HCl 75 সি. সি. 0.2 M NaOH দ্রবণে মিশ্রিত করলে মিশ্রিত দ্রবণের pH গণনা কর।

উত্তর— সম-গাঢ়ত্ব ও সম-আয়তনের অ্যাসিড ও ক্ষার পরম্পরাকে প্রশংসিত করে। সুতরাং উভয় ক্ষারের আয়তন $(75 - 50)$ সি. সি. = 25 সি. সি.

আবার দ্রবণের মোট আয়তন $(75 + 50)$ সি. সি. = 125 সি. সি.

$$\text{সুতরাং NaOH দ্রবণের গাঢ়ত্ব} = \frac{125 \times 0.2}{1000}$$

$$= 0.025 \text{ M}$$

$$\begin{aligned} \text{সুতরাং } pOH &= -\log[OH^-] \\ &= -\log[0.025] \\ &= 1.602 \end{aligned}$$

$$\text{সূতরাং pH} = 14 - 1.602 \\ = 12.398$$

৯. নিম্নলিখিত অ্যাসিড দ্রবণের pH গণনা কর।

- a) 0.01M H_2SO_4
 b) 0.01N H_2SO_4
 c) 0.01 M CH_3COOH , [CH_3COOH এর বিয়োজন মাত্রা $\alpha = 2\%$]

ପ୍ରକାଶକ —

$$\text{a) } \begin{array}{c} \text{H}_2\text{SO}_4 \rightleftharpoons 2\text{H}^+ + \text{SO}_4^{2-} \\ 0.01\text{M} \qquad 2 \times 0.01\text{M} \\ \equiv 0.02 \text{ M} \end{array}$$

$$\begin{aligned} \text{সূতরাং } \text{pH} &= -\log [\text{H}^+] \\ &= -\log 0.02 \\ &= 1.69 \end{aligned}$$

$$\text{b) } \text{H}_2\text{SO}_4 \rightleftharpoons 2\text{H}^+ + \text{SO}_4^{2-}$$

$$\begin{array}{ccc} 0.01\text{N} & & 2 \times 0.01\text{N} \\[0.5ex] = 0.01\text{M} & & \end{array}$$

$$\begin{aligned}\text{সুতরাং } \text{pH} &= -\log [\text{H}^+] \\&= -\log(0.01) \\&= -\log 10^{-2} \\&= 2\end{aligned}$$

$$c) \text{CH}_3\text{COOH} \rightleftharpoons \text{CH}_3\text{COO}^- + \text{H}^+$$

C	0	0
C(1 - \alpha)	\alpha C	\alpha C

$$\begin{aligned}
 \text{pH} &= -\log [\text{H}^+] \\
 &= -\log [\text{Ca}] \\
 &= -\log 0.02 \\
 &= 3.69
 \end{aligned}$$

10. দুটি দ্রবণের pH যথাক্রমে 2 এবং 4। কোনটি বেশি আলিক।

উত্তর— প্রথম দ্রবণের $\text{pH} = 2$

$$\text{বা } -\log[\text{H}^+] = 2$$

$$\text{বা } [\text{H}^+] = 10^{-2}$$

$$\text{প্রথম দ্রবণের } [\text{H}^+] = 0.01$$

দ্বিতীয় দ্রবণের $\text{pH} = 4$

$$\text{বা } -\log[\text{H}^+] = 4$$

$$\text{বা } [\text{H}^+] = 10^{-4}$$

$$\text{দ্বিতীয় দ্রবণের } [\text{H}^+] = 0.0001$$

সূতরাং

$$\frac{\text{প্রথম দ্রবণের } [\text{H}^+]}{\text{দ্বিতীয় দ্রবণের } [\text{H}^+]} = \frac{0.01}{0.0001}$$


$$\frac{\text{প্রথম দ্রবণের } [\text{H}^+]}{\text{দ্বিতীয় দ্রবণের } [\text{H}^+]} = \frac{0.0100}{0.0001}$$

$$\frac{\text{প্রথম দ্রবণের } [\text{H}^+]}{\text{দ্বিতীয় দ্রবণের } [\text{H}^+]} = \frac{100}{1}$$

সূতরাং প্রথম দ্রবণের $[\text{H}^+]$ এর গাঢ়ত্ব দ্বিতীয় দ্রবণের $[\text{H}^+]$ এর তুলনায় 100 গুণ বেশি।

11. $0.01M \text{CH}_3\text{COOH}$ দ্রবণের pH গণনা কর। $K_{\text{CH}_3\text{COOH}} = 1.85 \times 10^{-5}$

উত্তর—



$$\text{সূতরাং প্রথম দ্রবণের pH} = -\log[\text{H}^+]$$

$$= -\log [\alpha\text{C}]$$

$$= -\log \left[\sqrt{\frac{K_a}{C}} \right]$$

$$= -\log \sqrt{K_a C}$$

$$= -\frac{1}{2}\log K_a - \frac{1}{2}\log C$$

$$= -\frac{1}{2}\log(1.85 \times 10^{-5}) - \frac{1}{2}\log(0.01)$$

$$= \frac{1}{2}\log \times 4.74 - \frac{1}{2} \times 2$$

$$= 2.37 - 1 \\ = 1.18$$

12. 25°C তাপমাত্রার একটি দ্রবণের প্রতি লিটারে 0.60 মোল CH_3COOH এবং 0.40 মোল CH_3COONa দ্রবীভূত আছে। মিশ্রিত দ্রবণের pH নির্ণয় কর। 25°C তাপমাত্রার অ্যাসিটিক অ্যাসিডের বিয়োজন ধ্রুবক $K_{\text{CH}_3\text{COOH}} = 1.85 \times 10^{-5}$

উত্তর— $K_{\text{CH}_3\text{COOH}} = 1.85 \times 10^{-5}$
 $pK_{\text{CH}_3\text{COOH}} = -\log_{10} K_{\text{CH}_3\text{COOH}} = -\log_{10} (1.85 \times 10^{-5})$
 $= 4.74$

$$[\text{CH}_3\text{COOH}] = 0.60 \text{ মোল/ লিটার}$$

$$[\text{CH}_3\text{COONa}] = 0.40 \text{ মোল/ লিটার}$$

সুতরাং বাফার দ্রবণের pH = pka + log $\frac{[\text{CH}_3\text{COONa}]}{[\text{CH}_3\text{COOH}]}$
 বা pH = $4.74 + \log \frac{0.40}{0.60}$
 বা pH = $4.74 - 0.176$
 বা pH = 3.574

13. 25°C তাপমাত্রার একটি দ্রবণের প্রতি লিটারে 0.60 মোল NH_4OH এবং 0.40 মোল NH_4Cl দ্রবীভূত আছে। মিশ্রিত দ্রবণের pH নির্ণয় কর। 25°C তাপমাত্রায় NH_4OH এর বিয়োজন ধ্রুবক $K_{\text{CH}_3\text{COOH}} = 1.85 \times 10^{-5}$

উত্তর— $K_{\text{NH}_4\text{OH}} = 1.85 \times 10^{-5}$
 $pK_{\text{NH}_4\text{OH}} = -\log_{10} K_{\text{NH}_4\text{OH}} = -\log_{10} (1.8 \times 10^{-5})$
 $= 4.74$

$$[\text{NH}_4\text{OH}] = 0.60 \text{ মোল/ লিটার}$$

$$[\text{NH}_4\text{Cl}] = 0.40 \text{ মোল/ লিটার}$$

সুতরাং বাফার দ্রবণের pOH = $pK_b + \log \frac{[\text{NH}_4\text{Cl}]}{[\text{NH}_4\text{OH}]}$
 বা pOH = $4.74 + \log \frac{0.40}{0.60}$
 বা pOH = 3.574
 আমরা জানি pH + pOH = 14
 বা pH = 14 - pOH
 বা pH = 14 - 3.574

বা $\text{pH} = 10.426$

14. 100 C.C. 0.03N CH_3COONa এর সঙ্গে 200 C.C. 0.06 N CH_3COOH মিশ্রিত করা হল। মিশ্রিত দ্রবণের pH নির্ণয় কর। $\text{pK}_a = 4.74$

উত্তর— মিশ্রিত দ্রবণের মোট আয়তন = $(100 + 200)$ C.C.
 $= 300$ C.C.

সুতরাং দ্রবণে সোডিয়াম অ্যাসিটেটের গাঢ়ত্ব, $[\text{CH}_3\text{COONa}] = \frac{100 \times 0.03N}{300}$
 $= 0.01N$

এবং অ্যাসিটিক অ্যাসিডের গাঢ়ত্ব, $[\text{CH}_3\text{COOH}] = \frac{200 \times 0.06N}{300}$
 $= 0.04N$

সুতরাং বাফার দ্রবণের pH = $\text{pK}_a + \log \frac{[\text{CH}_3\text{COONa}]}{[\text{CH}_3\text{COOH}]}$
 বা $\text{pH} = \text{pK}_a + \log \frac{0.01}{0.04}$
 $= 4.74 + \log \frac{0.01}{0.04}$
 $= 4.74 - 0.602$
 $= 4.138$

15. 100 C.C. 0.03N NH_4Cl এর সঙ্গে 200C.C. 0.06 N NH_4OH মিশ্রিত করা হল। মিশ্রিত দ্রবণের pH নির্ণয় কর। $\text{K}_{\text{NH}_4\text{OH}} = 2.5 \times 10^{-5}$

উত্তর— মিশ্রিত দ্রবণের মোট আয়তন = $(100 + 200)$ C.C.
 $= 300$ C.C.

সুতরাং দ্রবণে অ্যামোনিয়াম ক্লোরাইডের গাঢ়ত্ব, $[\text{NH}_4\text{Cl}] = \frac{100 \times 0.03N}{300}$
 $= 0.01N$

এবং অ্যামোনিয়াম হাইড্রোক্সাইডের গাঢ়ত্ব, $[\text{NH}_4\text{OH}] = \frac{200 \times 0.06N}{300}$
 $= 0.04N$

সুতরাং বাফার দ্রবণের pOH = $\text{pK}_{\text{NH}_4\text{OH}} + \log \frac{[\text{NH}_4\text{Cl}]}{[\text{NH}_4\text{OH}]}$
 বা $\text{pOH} = -\log(2.5 \times 10^{-5}) + \log \frac{0.01}{0.04}$
 $= 5 - 0.397 + \log \frac{0.01}{0.04}$
 $= 4.603 - 0.602$
 $= 4.001$

$\text{pH} = 14 - 4.001 = 9.999$

16. 25°C উষ্ণতায় 0.01M সোডিয়াম অ্যাসিটেটের আক্রবিশেষণ ধৰ্বক এবং আক্রবিশেষণ মাত্রা নিৰ্ণয় কৰ। অ্যাসিডের বিয়োজন ধৰ্বক $K_a = 1.85 \times 10^{-5}$

উত্তৰ— জলের আয়নীয় গুণফল $K_w = 1 \times 10^{-14}$

অ্যাসিডের বিয়োজন ধৰ্বক $K_a = 1.85 \times 10^{-5}$

$$K_h = ?$$

$$\text{আমৰা জানি } K_h = \frac{K_w}{K_a}$$

$$K_h = \frac{10^{-14}}{1.8 \times 10^{-5}}$$

$$K_h = 5.5 \times 10^{-10}$$

$$\text{বিয়োজন মাত্রা } \propto = \sqrt{\frac{K_h}{C}}$$

$$= \sqrt{\frac{5.5 \times 10^{-10}}{0.01}}$$

$$= 2.35 \times 10^{-4}$$

17. 0.03M CH_3COONa দ্রবণের pH নিৰ্ণয় কৰ। $pK_a = 4.74$

উত্তৰ— মৃদু অ্যাসিড ও তীব্র ক্ষার দ্বারা উৎপন্ন লবণের আক্রবিশেষণের ফলে দ্রবণের

$$\text{বা } \text{pH} = \frac{1}{2}\text{pK}_w + \frac{1}{2}\text{pK}_a + \frac{1}{2}\log_{10} C$$

$$\text{বা } \text{pH} = \frac{1}{2} \times 14 + \frac{1}{2} \times 4.74 + \frac{1}{2} \times 0.03$$

$$\text{বা } \text{pH} = 7 + 2.37 + 0.015$$

$$\text{বা } \text{pH} = 9.385$$

18. 25°C উষ্ণতায় N/100 NH_4Cl দ্রবণের pH নিৰ্ণয় কৰ। $K_b = 2.5 \times 10^{-5}$

উত্তৰ— $\text{pK}_b = -\log_{10} K_b$

$$= -\log_{10} (2.5 \times 10^{-5})$$

$$= 5 - 0.3/7$$

$$= 4.603$$

তীব্র অ্যাসিড ও মৃদু ক্ষার দ্বারা উৎপন্ন লবণের আক্রবিশেষণের ফলে দ্রবণের

$$\text{বা } \text{pH} = \frac{1}{2}\text{pK}_w - \frac{1}{2}\text{pK}_b - \frac{1}{2}\log_{10} C$$

$$\text{বা } \text{pH} = \frac{1}{2} \times 14 - \frac{1}{2} \times 4.603 - \frac{1}{2} \times 0.01$$

$$\text{বা } \text{pH} = 7 - 2.3015 - 0.015$$

$$\text{বা } \text{pH} = 4.6835$$

19. 25°C উষ্ণতায় $0.1\text{M} \text{CH}_3\text{COONH}_4$ দ্রবণের pH নির্ণয় কর। $K_{\text{CH}_3\text{COOH}} = 1.85 \times 10^{-5}$ এবং $\text{KNH}_4\text{OH} = 2.5 \times 10^{-5}$

উত্তর— $pK_{\text{CH}_3\text{COOH}} = -\log_{10} K_{\text{CH}_3\text{COOH}} = -\log_{10} (1.85 \cdot 10^{-5}) = 4.74$
 $pK_{\text{NH}_4\text{OH}} = -\log_{10} K_{\text{NH}_4\text{OH}} = -\log_{10} (2.5 \times 10^{-5}) = 4.603$
মৃদু অ্যাসিড ও মৃদু ক্ষারের লবণের আন্তর্ভুক্ত বিশ্লেষণের ফলে দ্রবণের
 $\text{pH} = \frac{1}{2}pK_w - \frac{1}{2}pK_b + \frac{1}{2}pK_a$
 $= \frac{1}{2} \times 14 - \frac{1}{2} \times 4.603 + \frac{1}{2} \times 4.74$
 $= 7 - 2.3015 + 2.37$
 $= 7.0685$

20. AgCl এর দ্রাব্যতা গুণফলের গুণফলের মান 1×10^{-10} হলে ঐ উষ্ণতায় AgCl এর দ্রাব্যতা নির্ণয় কর।

উত্তর— AgCl এর দ্রাব্যতা গুণফল $K_{sp} = 1 \times 10^{-10}$
 AgCl এর দ্রাব্যতা S হলে
 $K_{sp} = S^2$
বা $1 \times 10^{-10} = S^2$
বা $S = 1 \times 10^{-5}$
 AgCl এর দ্রাব্যতা 1×10^{-5} মোল / লিটার

21. 27°C উষ্ণতায় AgCl এর দ্রাব্যতা গুণফলের গুণফলের মান 1×10^{-10} হলে ঐ উষ্ণতায় AgCl এর দ্রাব্যতা নির্ণয় কর।

উত্তর— AgCl এর দ্রাব্যতা গুণফল $K_{sp} = 1 \times 10^{-10}$
 AgCl এর দ্রাব্যতা S হলে
 $K_{sp} = S^2$
বা $1 \times 10^{-10} = S^2$
বা $S = 1 \times 10^{-5}$
 AgCl এর দ্রাব্যতা 1×10^{-5} মোল / লিটার

22. Ba(OH)_2 এর একটি সম্পৃক্ত দ্রবণে pH মান 12 হলে Ba(OH)_2 এর দ্রাব্যতা গুণফল, K_{sp} এর মান নির্ণয় কর।

উত্তর— Ba(OH)_2 দ্রবণের pH এর মান 12।

$$\text{সুতরাং } \text{pOH} = 2$$

$$\text{বা } -\log_{10}[\text{OH}^-] = 2$$

$$\text{বা } [\text{OH}^-] = 10^{-2}$$

$$= 0.01 \text{ মোল / লিটার}$$

$$\text{সুতরাং } \text{Ba(OH)}_2 \text{ এর দ্রাব্যতা } S = 0.01/2 \text{ মোল / লিটার}$$

$$= 0.005 \text{ মোল / লিটার}$$

$$\text{Ba(OH)}_2 \text{ এর দ্রাব্যতা গুণফল} = 4S^3$$

$$= 4(0.005)^3$$

$$= 4 \times 125 \times 10^{-9}$$

$$= 5 \times 10^{-7}$$

23. 25°C উষ্ণতায় PbCl_2 এর দ্রাব্যতা গুণফলের মান 1.64×10^{-5} হলে ঐ উষ্ণতায় Pb^{2+} এবং Cl^- এর গাঢ়ত্ব নির্ণয় কর।

$$\text{উত্তর— } \text{PbCl}_2 \text{ এর দ্রাব্যতা } S \text{ হলে দ্রাব্যতা গুণফল } K_{sp} = 4S^3$$

$$\text{সুতরাং}$$

$$K_{sp} = 4S^3$$

$$\text{বা } 1.64 \times 10^{-5} = 4S^3$$

$$\text{বা } S^3 = 1.64 \times 10^{-5/4}$$

$$\text{বা } S^3 = 0.41 \times 10^{-5}$$

$$S^3 = 4.1 \times 10^{-6}$$

$$S = 1.61 \times 10^{-2} \text{ মোল / লিটার}$$

24. 25°C উষ্ণতায় CaF_2 এর দ্রাব্যতা গুণফল 4×10^{-12} হলে ঐ উষ্ণতায় 0.1M CaCl_2 দ্রবণে দ্রাব্যতা দ্রাব্যতা নির্ণয় কর।

উত্তর— 25°C উষ্ণতায় CaF_2 এর দ্রাব্যতা S হলে ঐ উষ্ণতায় CaF_2 এর দ্রাব্যতা গুণফল $K_{sp} = 4S^3$

$$\text{সুতরাং}$$

$$4S^3 = 4 \times 10^{-12}$$

$$S^3 = 1 \times 10^{-12}$$

$$S = 1 \times 10^{-4} \text{ মোল / লিটার}$$

ধরি CaCl_2 দ্রবণে CaF_2 এর দ্রাব্যতা S_1 । সুতরাং F^- আয়নের গাঢ়ত্ব $[\text{F}^-]$ $= 2S_1$

সুতরাং Ca^{2+} আয়নের গাঢ়ত্ব, $[\text{Ca}^{2+}] = (0.1\text{M} + 1 \times 10^{-4})\text{M}$
 $\approx 0.1\text{M}$

যেহেতু একটি নির্দিষ্ট উষ্ণতায় দ্রব্যতা গুণফল K_{sp} = প্রবর্ক

$$\text{সুতরাং } [0.1][2\text{S}_1]^2 = 4 \times 10^{-12}$$

$$4 \text{S}_1^2 = 4 \times 10^{-12}$$

$$\text{S}_1^2 = 1 \times 10^{-12}$$

$$\text{S}_1 = 1 \times 10^{-6}$$

0.1M CaCl_2 দ্রবণে CaF_2 দ্রব্যতা 1×10^{-6} মোল / লিটার

MCQ

1. আরহেনিয়াস-এর তড়িৎ বিয়োজন বাদ নেচের কোনটির ক্ষেত্রে প্রযোজ্য নয়।

- A) CH_3COOH
- B) HCOOH
- C) NH_4OH
- D) NaOH

2. আরহেনিয়াস-এর তড়িৎ বিয়োজন বাদ অনুসারে কোন মৃদু তড়িৎ বিশ্লেষ্যের বিয়োজন মাত্রা

- A) দ্রবণের গাঢ়ত্বের বর্গমূলের সমানুপাতিক
- B) দ্রবণের গাঢ়ত্বের বর্গমূলের ব্যস্তানুপাতিক
- C) দ্রবণের গাঢ়ত্বের বর্গের সমানুপাতিক
- D) দ্রবণের গাঢ়ত্বের বর্গের ব্যস্তানুপাতিক

3. আইসোহাইড্রিক দ্রবণের ক্ষেত্রে নীচের কোন উক্তিটি সঠিক।

- A) দ্রবণে তড়িৎ বিশ্লেষ্যে পদার্থ দুটির বিয়োজন মাত্রা একই থাকে।
- B) দ্রবণে তড়িৎ বিশ্লেষ্যে পদার্থ দুটির বিয়োজন মাত্রা ভিন্ন থাকে।
- C) দ্রবণের দুটি ভিন্ন প্রকৃতির তড়িৎ বিশ্লেষ্য পদার্থ দ্রবীভূত থাকে।
- D) উপরের কোনটি ঠিক নয়।

4. H_3PO_4 এর প্রোটন দাণ করার প্রবণতা H_2PO_4^- অপেক্ষা

- A) বেশি
- B) কম
- C) সমান
- D) কোনটি নয়

5. 25°C উষ্ণতায় জলের আয়নীয় গুণফলের মান

- A) 1×10^{-15}
- B) 1×10^{-14}
- C) 1×10^{-13}
- D) 1×10^{-12}

6. 100°C উষ্ণতায় জলের আয়নীয় গুণফলের মান

A) $K_w < 1 \times 10^{-14}$

C) $K_w = 1 \times 10^{-14}$

B) $K_w > 1 \times 10^{-14}$

D) উপরের কোনটি ঠিক নয়

7. নীচের কোন তথ্যটি সঠিক

A) $K_w = Kd \times 55.55$

C) $K_w = Kd$

B) $Kd = K_w \times 55.55$

D) উপরের কোনটি ঠিক নয়

8. 25°C তাপমাত্রায় বিশুদ্ধ জলের ক্ষেত্রে নীচের কোন উক্তি সঠিক

A) $\text{pH} + \text{pOH} = 14$

C) $\text{pH} + \text{pOH} > 14$

B) $\text{pH} + \text{pOH} < 14$

D) উপরের কোনটি ঠিক নয়

9. 100°C তাপমাত্রায় বিশুদ্ধ জলের ক্ষেত্রে নীচের কোন উক্তি সঠিক

A) $\text{pH} + \text{pOH} = 14$

C) $\text{pH} + \text{pOH} > 14$

B) $\text{pH} + \text{pOH} < 14$

D) উপরের কোনটি ঠিক নয়

10. 100°C তাপমাত্রায় বিশুদ্ধ জলের pH

A) $= 7$

C) > 7

B) < 7

D) উপরের কোনটি ঠিক নয়

11. 25°C তাপমাত্রায় বৃষ্টির জলের pH

A) $= 7$

C) 5.6

B) 6.5

D) উপরের কোনটি ঠিক নয়

12. 0.005M CaSO_4 দ্রবণের pH হল—

A) 13

C) 12

B) 10

D) উপরের কোনটি ঠিক নয়

13. 10^{-8} M HCl দ্রবণের এর pH মান হল—

A) 8

C) 6.96

B) 7

D) উপরের কোনটি ঠিক নয়

14. 10^{-10} M HCl দ্রবণের এর pH মান হল—

A) 8

C) 6.96

B) 7

D) 10

15. 10^{-10} M NaOH দ্রবণের এর pH মান হল—

- | | |
|---------|-------|
| A) 8 | B) 7 |
| C) 6./6 | D) 10 |

16. 0.1 M CH_3COOH দ্রবণের এর pH মান হল—

- | | |
|---------|---------|
| A) 2.87 | B) 3.5 |
| C) 2.01 | D) 5.50 |

17. 0.01M CH_3COOH দ্রবণের দুচ গণনা কর। $K_{\text{CH}_3\text{COOH}} = 1.85 \times 10^{-5}$

- | | |
|---------|---------|
| A) 1.87 | B) 1.18 |
| C) 2.0 | D) 3.50 |

18. 25°C তাপমাত্রার একটি দ্রবণের প্রতি লিটারে 0.60 মোল CH_3COOH এবং 0.40 মোল CH_3COONa দ্বীভূত আছে। মিশ্রিত দ্রবণের pH নির্ণয় কর। 25°C তাপমাত্রার অ্যাসিটিক অ্যাসিডের বিয়োজন ধর্বক $K_{\text{CH}_3\text{COOH}} = 1.85 \times 10^{-5}$

19. 100 C.C. 0.03N CH_3COONa এর সঙ্গে 200 C.C. 0.06 N CH_3COOH মিশ্রিত করা হল। মিশ্রিত দ্রবণের pH নির্ণয় কর। $pK_a = 4.74$

- | | |
|----------|---------|
| A) 1.87 | B) 1.18 |
| C) 4.138 | D) 3.50 |

20. 100 C.C. 0.03N NH_4Cl এর সঙ্গে 200 C.C. 0.06 N NH_4OH মিশ্রিত করা হল। মিশ্রিত দ্রবণের pH নির্ণয় কর। $\text{KNH}_4\text{OH} = 2.5 \times 10^{-5}$

- | | |
|----------|----------|
| A) 5.06 | B) 9.999 |
| C) 4.138 | D) 3.50 |

21. স্ফলদ্রাব্য A_xB_y লবণের দ্রাব্যতা S হলে দ্রাব্যতা ও দ্রাব্যতা গুণফলের মধ্যে সম্পর্ক হবে—

- | | |
|---------------------------------|------------------------------|
| A) $(x^x y^y) \times S^{(x+y)}$ | B) $(xy^y) \times S^{(x+y)}$ |
| C) $(x^x y) \times S^{(x+y)}$ | D) $(x^x y^y) \times S$ |

22. $\text{Ca}_3(\text{PO}_4)^2$ এর দ্রাব্যতা ও দ্রাব্যতা গুণফলের মধ্যে সম্পর্ক হল—

- | | |
|------------|-------------|
| A) $4S^3$ | B) $108S^5$ |
| C) $27S^3$ | D) S^2 |

23. NH_4Cl এর জলীয় দ্রবণের pH এর মান হবে—

24. Na_2SO_4 এর জলীয় দ্রবণের pH এর মান হবে—

25. CH_3COONa এর জলীয় দ্রবণের pH এর মান হবে—

26. নীচের কোন লবণ্টির জলীয় দ্রবণের দ্রুত এর মান সর্বাধিক হবে—

- A) Na_2CO_3 B) NaCl
 C) CuSO_4 D) NH_4Cl

27. নীচের কোন যৌগের জলীয় দ্রবণের গাঢ়ত্বের উপর pH এর মান নিভর
করে না—

- A) Na_2CO_3 B) $\text{CH}_3\text{COONH}_4$
 C) CH_3COONa D) NH_4Cl

28. তীব্র অ্যাসিড ও মৃদু ক্ষারের লবণের আর্দ্ধ বিশ্লেষণ ধ্রুবক K_h এর মান হল—

- A) $K_h = \sqrt{\frac{K_w}{K_b}}$ B) $K_h = \sqrt{\frac{K_w}{K_a}}$
 C) $K_h = \sqrt{\frac{K_w}{K_a \times K_b}}$ D) কোনটি ঠিক নয়

29. ମୃଦୁ ଅୟାସିଦ ଓ ତୀର କ୍ଷାରେର ଲବନେର ଆର୍ଡ ବିଶ୍ଲେଷଣ ଧର୍ବକ K_h ଏର ମାନ ହଲ,

- A) $K_h = \sqrt{\frac{K_w}{K_b}}$

B) $K_h = \sqrt{\frac{K_w}{K_a}}$

C) $K_h = \sqrt{\frac{K_w}{K_a \times K_b}}$

D) কোনটি ঠিক নয়

৩০. মৃদু অ্যাসিড ও মৃদু ক্ষারের লবণের আর্দ্ধ বিশ্লেষণ ধ্রুবক K_h এর মান হল,

- $$A) \ K_h = \sqrt{\frac{K_w}{K_b}} \quad B) \ K_h = \sqrt{\frac{K_w}{K_a}}$$

$$\text{C) } K_h = \sqrt{\frac{K_w}{K_a \times K_b}}$$

D) কোনটি ঠিক নয়

Ans.


1.D, 2.B, 3.A, 4.A, 5.B, 6.B, 7.A, 8.A, 9.B, 10.B, 11.C, 12.C,
13.C, 14.B, 15.B, 16.A, 17.B, 18.C, 19.C, 20.B, 21.A, 22.B,
23.B, 24.A, 25.C, 26.A, 27.B, 28.A, 29.B, 30.C

জৈব রসায়ন

অ্যারোমেটিক হাইড্রোকার্বন

১. প্রমাণ কর— বেঞ্জিন বলয়ে তিনটি দ্বিবন্ধন বর্তমান।

উত্তর- i) নিকেল অনুঘটকের উপস্থিতিতে 200°C তাপমাত্রায় ও উচ্চ চাপে এক অগু বেঞ্জিনের সঙ্গে তিন অগু হাইড্রোজেন যুক্ত হয়ে সাইক্লোহেক্সেন উৎপন্ন হয়। এই বিক্রিয়ায় প্রমাণিত হয় বেঞ্জিনে তিনটি দ্বিবন্ধন বর্তমান। রাসায়নিক বিক্রিয়া



ii) এক অগু বেঞ্জিন তিন অগু ওজনের সঙ্গে বিক্রিয়া করে বেঞ্জিন ট্রাইও ওজনাহিড গঠন করে। এই বিক্রিয়াটি প্রমাণ করে বেঞ্জিনে তিনটি দ্বিবন্ধন বর্তমান।
রাসায়নিক বিক্রিয়া




iii) আবার সূর্যালোকের উপস্থিতিতে এক অণু বেঞ্জিন তিন অণু ক্লোরিনের সঙ্গে বিক্রিয়া করে বেঞ্জিন বেঞ্জিনহেস্কাক্লোরাইড উৎপন্ন করে। এই বিক্রিয়াটি প্রমাণ করে বেঞ্জিনে তিনটি দ্বিবন্ধন বর্তমান। রাসায়নিক বিক্রিয়া—




সুতরাং উপরের তিনটি বিক্রিয়া প্রমাণ করে যে বেঞ্জিনে তিনটি দ্বি-বন্ধন বর্তমান।

২. প্রমাণ কর বেঞ্জিনের দ্বিবন্ধন ইথিলিনের দ্বিবন্ধন অপেক্ষা আলাদা।

উত্তর— শীতল ও ক্ষারীয় পটাসিয়াম পারম্যাঙ্গনেট দ্রবণে ইথিলিন যোগ করলে বেগুনী বর্ণের পটাসিয়াম পারম্যাঙ্গনেট বর্ণহীন হয়ে যায় কিন্তু বেঙ্গিনে পটাসিয়াম পারম্যাঙ্গনেট দ্রবণ যোগ করলে বেগুনী বর্ণের কোন পরিবর্তন হয় না। রাসায়নিক বিজ্ঞয়—



এ ছাড়াও লাল বর্ণের ব্রোমিন জল অথবা $\text{Br}_2 / \text{CCl}_4$ দ্রবণে ইথিলিন গ্যাস চালনা করলে লাল বর্ণের ব্রোমিন দ্রবণ বণহীন হয়ে যায় কিন্তু বেঞ্জিনে ব্রোমিন দ্রবণ যোগ করলে লাল বর্ণের কোন পরিবর্তন হয় না। রাসায়নিক বিক্রিয়া—



উপরোক্ত পরীক্ষাগুলি থেকে প্রমাণ করা যায় যে ইথিলিনের দ্বিবন্ধন অপেক্ষা বেঞ্জিনের দ্বিবন্ধন আলাদা।

3. প্রমাণ কর— বেঞ্জিনের ছয়টি হাইড্রোজেন সমতুল্য।


উত্তর—বেঞ্জিনের প্রতিটি কার্বনের সঙ্গে একটি করে হাইড্রোজেন পরমাণু বর্তমান এবং তা সমতুল্য কারণ বেঞ্জিনের ইলেক্ট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়ায় বেঞ্জিনের বলয়ের যে কোন একটি হাইড্রোজেন প্রতিস্থাপিত হয়ে যে মনো জাতক পদার্থ উৎপন্ন হয় তা অভিন্ন। সুতরাং ইহা সম্ভব যদি বেঞ্জিনের ছয়টি হাইড্রোজেন সমতুল্য।

4. বেঞ্জিনের যুত বিক্রিয়ার তুলনায় ইলেক্ট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়াটি অধিকতর সক্রিয়। কারণ ব্যাখ্যা কর।


উত্তর— বেঞ্জিন ছয়টি π -ইলেকট্রন সমষ্টিত একটি অ্যারোমেটিক সেক্সটেট যোগ। এই অ্যারোমেটিক সেক্সটেট গঠনের জন্যই বেঞ্জিন বলয়ের স্থিতিশীলতা

বেশি। এই কারণে বেঞ্জিন যুত বিক্রিয়ায় অংশ গ্রহণ করে না ফলে বেঞ্জিন এটি অধিক সুস্থিত যৌগ। বেঞ্জিন বলয়ের উপরে এবং নীচে π -ইলেকট্রন ঘূর্ণনের ফলে বেঞ্জিন বলয় একটি নিউক্লিওফিলিক কেন্দ্র হিসেবে আচরণ করে। বেঞ্জিন বলয়ে ইলেকট্রন ঘনত্ব বৃদ্ধি পাওয়ার ফলে ইলেক্ট্রোফাইল সহজেই বেঞ্জিন বলয়কে আক্রমণ করতে পারে এবং প্রতিস্থাপন বিক্রিয়া ঘটায়। এছাড়াও বেঞ্জিন ইলেক্ট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়ায় অংশ গ্রহণ করলে অ্যারোমেটিক চরিত্র নষ্ট হয় না। কিন্তু যুত বিক্রিয়া ঘটালে বেঞ্জিনের অ্যারোমেটিক ধর্ম নষ্ট হয়ে যায়। এই কারণে বেঞ্জিন অ্যারোমেটিক চরিত্র বজায় রাখতে যুত বিক্রিয়ার পরিবর্তে ইলেক্ট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া ঘটায়।

প্রতিস্থাপন বিক্রিয়া—



অ্যারোমেটিক
যুত বিক্রিয়া—




অ্যারোমেটিক
ননঅ্যারোমেটিক

৫. বেঞ্জিনের নিউক্লিওফিলিক প্রতিস্থাপন বিক্রিয়ার তুলনায় ইলেক্ট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া সহজেই ঘটে। ব্যাখ্যা কর।


উত্তর— বেঞ্জিনের তিনটি দ্বিবন্ধন কনজুগেশনে থাকায় পাই-ইলেকট্রনের স্থানান্তর ঘটে। ফলে বেঞ্জিন বলয়ের উপর এবং নীচে পাই-ইলেকট্রনের ঘূর্ণনের ফলে বেঞ্জিন বলয় একটি নিউক্লিওফিলিক কেন্দ্র হিসেবে আচরণ করে। বেঞ্জিন বলয়ে ইলেকট্রন ঘনত্ব বৃদ্ধি পাওয়ার ফলে ইলেক্ট্রোফাইল সহজেই বেঞ্জিন বলয়কে আক্রমণ করে এবং প্রতিস্থাপন বিক্রিয়া ঘটায়। কিন্তু নিউক্লিওফাইল নিজে নেগেটিভ ধর্মী হওয়ায় একটি বিকর্ষণ বল ক্রিয়া করে ফলে প্রতিস্থাপন বিক্রিয়াটি সহজ হয় না।

৬. বেঞ্জিনের রেজোন্যাল গঠনগুলি লেখ।

উত্তর— রেজোন্যাল তত্ত্ব অনুসারে বেঞ্জিনের ছয়টি পাই, ইলেকট্রন তথা তিনটি পাই, বন্ধনের অবস্থানের পরিবর্তন ঘটিয়ে নিম্নলিখিত পাঁচটি কান্সনিক গঠন লাভ করতে পারে। এই পাঁচটি কান্সনিক গঠন বেঞ্জিনের রেজোনেটিং গঠন বলে। প্রথম দুটি (I এবং II) রেজোনেটিং গঠনকে বেঞ্জিনের কেকুলের গঠন এবং শেষ তিনটি (III–IV এবং V) ডেওয়ার গঠন বলে।




যদিও বেঞ্জিনের রাসায়নিক ধর্ম ব্যাখ্যায় কেকুল গঠনের অবদান সবচেয়ে বেশি। অতএব বেঞ্জিনের রেজোন্যাল হাইব্রিড গঠন



রেজোন্যাল হাইব্রিড

৭. কয়েকটি বেঞ্জিনয়েড এবং ননবেঞ্জিনয়েড অ্যারোমেটিক যৌগের নাম লেখ।

উত্তর— যে সমস্ত অ্যারোমেটিক যৌগে একাধিক বেঞ্জিন বলয় বর্তমান সেই যোগগুলিকে বেঞ্জিনয়েড অ্যারোমেটিক যোগ বলে। যেমন




বেঞ্জিন

ন্যাফথ্যালিন

অ্যানথাসিন

ফিনানথিন

যে সমস্ত অ্যারোমেটিক যৌগে একাধিক হেটেরোসাইক্লিক বলয় বর্তমান সেই যোগগুলিকে ননবেঞ্জিনয়েড অ্যারোমেটিক যোগ বলে। যেমন



পিরল



ফিউরান



থায়োফিন



পিরিডিন

8. কোন জৈব যৌগের অ্যারোমেটিক হওয়ার শর্ত লেখ।

উত্তর— কোন একটি জৈব যৌগ অ্যারোমেটিক হবে যদি

- যৌগটি যেন সামতলিক বৃত্তাকার হয়।
- যৌগের প্রতিটি পরমাণুর সংকরণ অবস্থা যেন SP^2 হয়।
- যৌগের প্রতিটি পরমাণু P কঙ্ককগুলি পরস্পরের সঙ্গে সমান্তরালে থাকে।
- বৃত্তাকার যৌগে সঞ্চারণশীল পাই ইলেকট্রনের সংখ্যা $(4n + 2)$ যা ছকেলের সূত্র নামে পরিচিত।

9. অর্থো-প্যারা নির্দেশক গ্রুপ বলতে কী বোঝা? কয়েকটি অর্থো , প্যারা নির্দেশক গ্রুপের নাম লেখ।

উত্তর— বেঞ্জিন বলয়ে কোনো মনো প্রতিস্থাপকের উপস্থিতিতে দ্বিতীয় ইলেক্ট্রো ফিলিক প্রতিস্থাপনের ক্ষেত্রে প্রতিস্থাপকের অবস্থান নির্ভর করে প্রথম প্রতিস্থাপকের প্রকৃতির উপর। প্রথম প্রতিস্থাপক যদি ইলেকট্রন আকর্ষী গ্রুপ হয় তাহলে দ্বিতীয় প্রতিস্থাপক বেঞ্জিন বলয়ের মেটা—অবস্থানে প্রতিস্থাপন ঘটাবে। আবার প্রথম প্রতিস্থাপক যদি ইলেকট্রন বিকর্ষী হয় তাহলে অর্থো এবং প্যারা অবস্থানে প্রতিস্থাপন ঘটাবে।


অর্থো এবং প্যারা নির্দেশকের উদাহরণ, $-NH_2$, $-OH$, $-Cl$, $-Br$, $-I$, $-R(R = \text{অ্যালকিল মূলক})$, $-OR$, $-COO-$ ইত্যাদি।

মেটা নির্দেশক গ্রুপ— NO_2 , $-CHO$, $-COOH$ ইত্যাদি।

10. $-NO_2$ গ্রুপ একটি মেটা নির্দেশক, ব্যাখ্যা কর।


উত্তর— $-NO_2$ একটি ইলেকট্রন আকর্ষী গ্রুপ। NO_2 গ্রুপের $-I$ এবং $-R$ প্রভাবের জন্য বেঞ্জিন বলয়ের ইলেকট্রন ঘনত্ব হ্রাস পায়। বিশেষ করে রেজোন্যাপ্রের ফলে বেঞ্জিন বলয়ের অর্থো এবং প্যারা অবস্থানে ইলেকট্রনের ঘনত্ব মেটা অবস্থানে বেশি হ্রাস পায়। তুলনামূলক ভাবে মেটা অবস্থানে ইলেকট্রন ঘনত্ব অর্থো এবং

প্যারা অবস্থানের তুলনায় বেশি হওয়ায় আগত ইলেক্ট্রো ফাইল মেটা অবস্থানে প্রতিস্থাপন ঘটায়। এই কারণে $-NO_2$ গ্রুপ একটি মেটা নির্দেশক। নাইট্রোবেঞ্জিনের রেজোনেটিং গঠন নিম্নে বর্ণিত হল।




11. $-OH$ গ্রুপ একটি অর্থো এবং প্যারা নির্দেশক ব্যাখ্যা কর।

উত্তর— $-OH$ গ্রুপ একটি ইলেকট্রন বিকর্মী গ্রুপ। $-OH$ গ্রুপের $+R$ প্রভাবের জন্য বেঞ্জিন বলয়ের ইলেকট্রন ঘনত্ব বৃদ্ধি পায়। বিশেষ করে রেজোন্যাপ্সের ফলে বেঞ্জিন বলয়ের অর্থো এবং প্যারা অবস্থানে ইলেকট্রনের ঘনত্ব মেটা অবস্থানের তুলনায় বেশি বৃদ্ধি পায়। ফলে আগত ইলেক্ট্রো ফাইল অর্থো এবং প্যারা অবস্থানে প্রতিস্থাপন ঘটায়। এই কারণে $-OH$ গ্রুপ একটি অর্থো এবং প্যারা নির্দেশক। ফেনলের রেজোনেটিং গঠন নিম্নে বর্ণিত হল—



12. ক্লোরো-বেঞ্জিনের রাসায়নিক সক্রিয়তা বেঞ্জিনের তুলানয় কম কেন?

উত্তর— ক্লোরিন পরমাণুর তড়িৎ ঋণাত্মকতা কার্বন পরমাণুর তুলনায় বেশি। ফলে ক্লোরিনের $-I$ প্রভাবের জন্য বেঞ্জিন বলয়ের ইলেকট্রন ঘনত্ব হ্রাস পায়। ফলস্বরূপ বেঞ্জিন বলয়ের প্রতি ইলেক্ট্রোফাইলের আকর্ষণ বল হ্রাস পায়। এই কারণে ক্লোরো-বেঞ্জিনের রাসায়নিক সক্রিয়তা বেঞ্জিনের তুলানয় কম।




13. নীচের যৌগ গুলি থেকে কীরণপে বেঞ্জিন প্রস্তুত করবে?

- i) n-হেক্সেন
- ii) সোডিয়াম বেঞ্জয়েট
- iii) অ্যাসিটিলিন
- iv) ফেনল
- v) ব্রোমো-বেঞ্জিন
- vi) বেঞ্জিন ডায়াজোনিয়াম ক্লোরাইড
- vii) বেঞ্জিন সালফোনিক অ্যাসিড


উত্তর—i) n- হেক্সেন থেকে

হেক্সেন কে Pt-Al , Cr_2O_3 , V_2O_5 অনুষ্টকের উপস্থিতিতে 15 atm চাপে 550°C উষ্ণতায় উত্পন্ন করলে n-হেক্সেন বেঞ্জিনে পরিণত হয়।




- ii) সোডিয়াম বেঞ্জয়েট থেকে

সোডিয়াম বেঞ্জয়েটকে সোডা লাইম সহযোগে উত্পন্ন করলে ডিকার্বক্সিলেশন ঘটে এবং বেঞ্জিন উৎপন্ন হয়।




- iii) অ্যাসিটিলিন থেকে

600°C উষ্ণতায় লোহিত তপ্ত কপার অথবা আয়রনের উপর দিয়ে অ্যাসিটিলিন গ্যাস চালনা করলে তিন অণু অ্যাসিটিলিন সংযোজিত হয়ে বেঞ্জিন উৎপন্ন হয়।
রাসায়নিক বিক্রিয়া—




iv) ফেনল থেকে—

ফেনলকে জিংক চূর্ণ সহযোগে উত্পন্ন করলে বেঞ্জিন উৎপন্ন হয়। রাসায়নিক বিক্রিয়া—




v) ব্রোমো-বেঞ্জিন


ব্রোমোবেঞ্জিনকে ইথার দ্রাবকে দ্বীভূত করে ধাতব ম্যাগনেসিয়াম যোগ করলে ফিনাইল ম্যাগনেসিয়াম ব্রোমাইড নামক একটি জৈব ধাতব যোগ (গ্রিগনার্ড বিকারক) উৎপন্ন হয়। অতঃপর জল যোগ করে আদ্রিবিশ্লেষণ করলে বেঞ্জিন উৎপন্ন হয়। রাসায়নিক বিক্রিয়া—



vi) বেঞ্জিন ডায়াজোনিয়াম ক্লোরাইড থেকে


বেঞ্জিন ডায়াজোনিয়াম ক্লোরাইডে শুষ্ক ইথাইল অ্যালকোহল অথবা হাইপোফসফরাস অ্যাসিড যোগ করে উত্পন্ন করলে ডিনাইট্রোজেনেশন ঘটে এবং বেঞ্জিন উৎপন্ন হয়।





vii) বেঞ্জিন সালফোনিক অ্যাসিড থেকে


বেঞ্জিন সালফোনিক অ্যাসিড কে স্টিম ও হাইড্রোজেন ক্লোরাইড সহযোগে $130\text{--}150^\circ\text{C}$ তাপমাত্রায় উত্পন্ন করলে ডিসালফোনেশন ঘটে ফলে বেঞ্জিন উৎপন্ন হয়। রাসায়নিক বিক্রিয়া—




14. বেঞ্জিনের ক্লোরিনেশন, ব্রোমিনেশন ও আয়োডিনেশন বিক্রিয়া তিনটি বর্ণনা কর।

উত্তর— ক্লোরিনেশন

আয়রন অনুঘটকের উপস্থিতিতে সাধারণ তাপমাত্রায় বেঞ্জিন, ক্লোরিনের সঙ্গে বিক্রিয়া করে ক্লোরো বেঞ্জিন উৎপন্ন করে। রাসায়নিক বিক্রিয়া—




কিন্তু প্রথর সূর্যালোকের কিংবা অতিবেগুনি রশ্মির উপস্থিতিতে ক্লোরিনের সঙ্গে বেঞ্জিনের বিক্রিয়ায় বেঞ্জিন হেক্সাক্লোরাইড (BHC) উৎপন্ন হয়। রাসায়নিক বিক্রিয়া—




বেঞ্জিন হেক্সাক্লোরাইডের অনেকগুলি আইসোমার। এই আইসোমারগুলির মধ্যে Y আইসোমারটি অধিক সুস্থিত।


রোমিনেশন-আয়রন অনুষ্টকের উপস্থিতিতে সাধারণ তাপমাত্রায় বেঞ্জিনের সঙ্গে রোমিনের বিক্রিয়ায় ব্রোমোবেঞ্জিন উৎপন্ন হয়। রাসায়নিক বিক্রিয়া—



কিন্তু প্রথম সূর্যালোকের কিংবা অতিবেগে রশির উপস্থিতিতে রোমিনের সঙ্গে বেঞ্জিনের বিক্রিয়া বেঞ্জিন হেক্সাব্রোমাইড উৎপন্ন হয়। রাসায়নিক বিক্রিয়া—





আয়োডিনেশনঃ বেঞ্জিনের আয়োডিনেশন বিক্রিয়াটি বেঞ্জিনের ক্লোরিনেশন, রোমিনেশন বিক্রিয়া অপেক্ষা আলাদা। HI তীব্র বিজ্ঞারক পদার্থ হওয়ায় জারক পদার্থ হিসেবে গাঢ় নাইট্রিক অ্যাসিড ব্যবহার করা হয়।



15. বেঞ্জিন থেকে কীভাবে থায়োফিন অপসারণ করা হয়?


উত্তর— বেঞ্জিনের স্ফুটনাংক 84°C কিন্তু থায়োফিনের স্ফুটনাংক 84°C স্ফুটনাংকের প্রভেদে খুব কাছাকাছি হওয়ার জন্য আংশিক পাতন প্রণালীতে গৃথক করা কষ্ট সাধ্য। থায়োফিনের রাসায়নিক সক্রিয়তা বেঞ্জিনের তুলনায় অধিক হওয়ায় থায়োফিন মিশ্রিত বেঞ্জিনে শীতল ও গাঢ় H₂SO₄ যোগ করলে থায়োফিন H₂SO₄ এর সঙ্গে বিক্রিয়া করে থায়োফিন সালফোনিক অ্যাসিড উৎপন্ন করে। উৎপন্ন থায়োফিন সালফোনিক অ্যাসিড গাঢ় সালফিউরিক অ্যাসিড দ্রবণে দ্রবীভূত

হয়। বিয়োজী ফানেলের সাহায্যে থায়োফিলকে বেঞ্জিন থেকে অপসারণ করা হয়। এইভাবে কয়েকবার প্রক্রিয়াটি সম্পন্ন করার পর বেঞ্জিন থেকে থায়োফিল অপসারণ করা হয়। রাসায়নিক বিক্রিয়া—






16. বেঞ্জিনের নাইট্রেশন বিক্রিয়ার কলা কৌশল লেখ।

উত্তর—গাঢ় H_2SO_4 ও গাঢ় HNO_3 দ্রবণে অ্যাসিড হিসেবে H_2SO_4 এবং ক্ষারক হিসেবে HNO_3 আচরণ করে। বিক্রিয়ায় NO^{2+} উৎপন্ন হয় যা ইলেক্ট্রোফাইল হিসেবে আচরণ করে। রাসায়নিক বিক্রিয়া—




বিক্রিয়ার কলা কৌশল—







17. বেঞ্জিনের ক্লোরিনেশন বিক্রিয়ার কলা কৌশল বর্ণনা কর।

উত্তর— আয়রন অনুষ্টকের উপস্থিতিতে বেঞ্জিনের ক্লোরিনেশন বিক্রিয়ায় ক্লোরোবেঞ্জিন উৎপন্ন হয়। ক্লোরিনেশন বিক্রিয়ায় ইলেক্ট্রোফাইল হল Cl^+ । রাসায়নিক বিক্রিয়া—



বিক্রিয়ার কলা কৌশল—




18. টীকা লেখ—ফ্রিড্রেল-ক্রাফট বিক্রিয়া—


উত্তর— অনার্দ্র AlCl_3 বা অন্য কোন লুইস অ্যাসিডের উপস্থিতিতে নাইট্রোবেঞ্জিন দ্রাবকে বেঞ্জিনের সাথে অ্যালকিল হ্যালাইড বা অ্যাসাইল হ্যালাইডের বিক্রিয়া বেঞ্জিন বলয়ে অ্যালকিল মূলক বা অ্যাসাইল মূলকের প্রবেশ করার পদ্ধতিকে ফ্রিড্রেল-ক্রাফট বিক্রিয়া বলে। বেঞ্জিন বলয়ে অ্যালকিল মূলকের প্রবেশকে ফ্রিড্রেল-ক্রাফট অ্যালকাইলেশন বিক্রিয়া বলে এবং অ্যাসাইল গ্রংপের প্রবেশকে ফ্রিড্রেল-ক্রাফট অ্যাসাইলেশন বলে।

ফ্রিড্রেল-ক্রাফট অ্যালকাইলেশন, যে বিক্রিয়ায় অনার্দ্র AlCl_3 উপস্থিতিতে বেঞ্জিনের সঙ্গে অ্যালকিল হ্যালাইডের বিক্রিয়ায় অ্যালকিল বেঞ্জিন উৎপন্ন হয় তাকে ফ্রিড্রেল-ক্রাফট অ্যালকাইলেশন বিক্রিয়া বলে। যেমন অনার্দ্র AlCl_3

উপস্থিতিতে বেঞ্জিনের সঙ্গে মিথাইল আয়োডাইডের বিক্রিয়ায় টলুইন উৎপন্ন হয়। রাসায়নিক বিক্রিয়া—



ফিড্রেল-ক্রাফট অ্যালকাইলেশন বিক্রিয়া, যে বিক্রিয়ায় অনার্দ্র AlCl_3 উপস্থিতিতে বেঞ্জিনের সঙ্গে অ্যাসাইল হ্যালাইডের বিক্রিয়ায় অ্যাসাইল বেঞ্জিন উৎপন্ন হয় তাকে ফিড্রেল-ক্রাফট অ্যাসাইল বিক্রিয়া বলে। যেমন অনার্দ্র AlCl_3 উপস্থিতিতে বেঞ্জিনের সঙ্গে CH_3COCl বিক্রিয়ায় অ্যাসিটোফেনন উৎপন্ন হয়। রাসায়নিক বিক্রিয়া—



19. ফিড্রেল-ক্রাফট বিক্রিয়ায় দ্রাবক হিসেবে নাইট্রোবেঞ্জিন ব্যবহৃত হয় কেন?

উত্তর— ফিড্রেল-ক্রাফট বিক্রিয়ায় দ্রাবক হিসেবে নাইট্রোবেঞ্জিন ব্যবহৃত হয় কারণ—

i) ফিড্রেল-ক্রাফট বিক্রিয়ায় ব্যবহৃত বিকারক যেমন, অ্যালকিল হ্যালাইড, অ্যাসাইল হ্যালাইড, লুইস অ্যাসিড হিসেবে যেমন— AlCl_3 ও বিক্রিয়ক হিসেবে যেমন— বেঞ্জিন ইত্যাদি সহজেই নাইট্রোবেঞ্জিনে দ্রবীভূত হয়।

ii) NO_2 ইলেকট্রন আকর্ষী প্রংগ হওয়ায় বেঞ্জিন বলয়ে ইলেকট্রন ঘনত্ব যথেষ্ট পরিমাণে হ্রাস পাওয়ায় নাইট্রোবেঞ্জিন নিজে ফিড্রেল-ক্রাফট বিক্রিয়ায় বিক্রিয়ক হিসেবে অংশগ্রহণ করে না।

iii) নাইট্রোবেঞ্জিনের স্ফুটনাংক উচ্চতর হওয়ায় বিক্রিয়ার উষ্ণতার বিস্তার পাল্লা (temperature – range) হয়।

20. ফিড্রেল-ক্রাফট অ্যালকাইলেশন বিক্রিয়ার সীমাবদ্ধতা আলোচনা কর।

উত্তর— i) বেঞ্জিন বলয়ে মনো অ্যালকাইলেশন ঘটার পর ইলেকট্রন ঘনত্ব


বৃদ্ধি পাওয়ায় বেঞ্জিন বলয়ের রাসায়নিক সক্রিয়তা যথেষ্ট পরিমাণ বৃদ্ধি পাওয়ার ফলে পলি অ্যালকাইলেশন ঘটার সম্ভাবনা থাকে।

ii) দুইয়ের অধিক কার্বন পরমানু বিশিষ্ট n -অ্যালকিল প্রপের প্রবেশের ক্ষেত্রে সমাবয়বের সৃষ্টি হয়। যেমন AlCl_3 উপস্থিতিতে বেঞ্জিনের সঙ্গে n -প্রোপাইল ক্লোরাইডের বিক্রিয়ায় n -প্রোপাইল বেঞ্জিন উৎপন্ন হওয়ার পাশাপাশি মুখ্য পদার্থ হিসেবে আইসোপ্রোপাইল বেঞ্জিন (কিউমিন) উৎপন্ন হয়।

iii) বেঞ্জিন বলয়ে ইলেকট্রন আকর্ষী গ্রহণ যদি উপস্থিতিত থাকে তাহলে অ্যালকাইলেশন বিক্রিয়া সাধারণত ঘটতে চায় না।


21. AlCl_3 উপস্থিতিতে বেঞ্জিন ও n -প্রোপাইল ক্লোরাইডের বিক্রিয়া মুখ্য পদার্থ হিসেবে আইসোপ্রোপাইল বেঞ্জিন এবং গৌণ পদার্থ হিসেবে n -প্রোপাইল বেঞ্জিন উৎপন্ন হয় কেন?

উত্তর— AlCl_3 সঙ্গে n -প্রোপাইল ক্লোরাইডের বিক্রিয়ায় অন্তর্বর্তী যোগ হিসেবে প্রথমে n -প্রোপাইল কার্বোক্যাটায়ন উৎপন্ন হয়। কিন্তু n -প্রোপাইল কার্বোক্যাটায়ন 1° হওয়ায় ইহা পুনর্বিন্যস্ত হয়ে অধিক স্থিতিশীল আইসোপ্রোপাইল কার্বোক্যাটায়ন (2°) উৎপন্ন হয়। n -প্রোপাইল কার্বোক্যাটায়নের সঙ্গে বেঞ্জিনের বিক্রিয়ায় n -প্রোপাইল বেঞ্জিন এবং আইসোপ্রোপাইল কার্বোক্যাটায়নের সঙ্গে বেঞ্জিনের বিক্রিয়ায় আইসোপ্রোপাইল বেঞ্জিন উৎপন্ন হয়। যেহেতু n -প্রোপাইল কার্বোক্যাটায়নের তুলনায় আইসোপ্রোপাইল কার্বোক্যাটায়ন অধিক স্থিতিশীল এইকারণে AlCl_3 উপস্থিতিতে বেঞ্জিন ও n -প্রোপাইল ক্লোরাইডের বিক্রিয়ায় মুখ্য পদার্থ হিসেবে আইসোপ্রোপাইল বেঞ্জিন এবং গৌণ পদার্থ হিসেবে n -প্রোপাইল বেঞ্জিন উৎপন্ন হয়। রাসায়নিক বিক্রিয়া—




22. কাৰ্বোক্সিলিক অ্যাসিড গ্ৰুপ ($-\text{COOH}$) একটি মেটা নিৰ্দেশক কিষ্ট $-\text{COO-}$ গ্ৰুপ অৰ্থাৎ-প্যারা নিৰ্দেশক—ব্যাখ্যা কৰ।

উত্তৰ— কাৰ্বোক্সিলিক অ্যাসিড গ্ৰুপ ($-\text{COOH}$) একটি মেটা নিৰ্দেশক কাৱণ $-\text{COOH}$ গ্ৰুপের ($-\text{I}$ এবং $-\text{R}$) প্ৰভাৱেৰ জন্য বেঞ্জিন বলয়েৰ অৰ্থাৎ ও প্যারা অবস্থানে ইলেকট্ৰন ঘনত্ব মেটা অবস্থানেৰ তুলনায় বেশি হৃস পায় ফলে মেটা অবস্থানে ইলেকট্ৰন ঘনত্ব তুলনামূলক ভাৱে বেশি হওয়ায় আগত ইলেকট্ৰোফাইল মেটা অবস্থানে আক্ৰমণ কৰে এবং প্ৰতিস্থাপন ঘটায়। অপৰপক্ষে কাৰ্বোক্সিলেট ($-\text{COO-}$) আয়নে দুটি অক্সিজেনেৰ উপৰ ঋণাত্মক আধান থাকায় বেঞ্জিন বলয়েৰ ইলেকট্ৰনকে বিকৰণ কৰে অৰ্থাৎ $+\text{I}$ প্ৰভাৱ প্ৰদৰ্শন কৰে। ফলে বেঞ্জিন বলয়েৰ অৰ্থাৎ ও প্যারা অবস্থানে ইলেকট্ৰন ঘনত্ব মেটা অবস্থানেৰ তুলনায় বেশি হওয়ায় অৰ্থাৎ ও প্যারা অবস্থানে আক্ৰমণ কৰে এবং প্ৰতিস্থাপন ঘটায়। এই কাৱণে কাৰ্বোক্সিলিক অ্যাসিড গ্ৰুপ ($-\text{COOH}$) একটি মেটা নিৰ্দেশক কিষ্ট $-\text{COO-}$ গ্ৰুপ অৰ্থাৎ-প্যারা নিৰ্দেশক।




বেঞ্জোয়িক অ্যাসিড




বেঞ্জিনেট আয়ন

23. বেঞ্জিনের কার্বন-কার্বন বন্ধন দৈর্ঘ্য ইথিলিনের কার্বন-কার্বন বন্ধন দৈর্ঘ্য ও ইথেন অণুর কার্বন-কার্বন বন্ধন দৈর্ঘ্যের মাঝামিথি, ব্যাখ্যা কর।


উত্তর— বেঞ্জিন অণু প্রকৃত পক্ষে নিম্নলিখিত দুটি রেজোন্যাল গঠনের সম্মিলন এবং রেজোন্যাল গঠন দুটি পরস্পর সমতুল্য হওয়ায় রেজোন্যাল হাইব্রিডে প্রতিটির অবদান সমান। বেঞ্জিনের রেজোন্যাল গঠনের I নম্বর, গঠন, এ যে দুটি কার্বনের মধ্যে দ্বিবন্ধন বর্তমান ঠিক বেঞ্জিনের অপর গঠনে সেই দুটি কার্বন কার্বনের মধ্যে এক বন্ধন বর্তমান। আবার পরীক্ষার সাহায্যে দেখা গেছে যে বেঞ্জিনের কার্বন-কার্বন বন্ধন দৈর্ঘ্যের মান 1.39 \AA । অপরপক্ষে ইথেন অণুর প্রতিটি কার্বনের সংকরায়ন অবস্থা SP^3 এবং ইথেন অণুর কার্বন-কার্বন একবন্ধনের দৈর্ঘ্য 1.54 \AA । কিন্তু ইথিলিন অণুর দুটি কার্বন পরমাণুর মধ্যে দ্বিবন্ধন বর্তমান এবং দুটি কার্বন পরমাণুর মধ্যে দ্বিবন্ধনের বন্ধন দৈর্ঘ্য 1.20 \AA । এই কারণে বলা যায় যে বেঞ্জিনের কার্বন-কার্বন বন্ধন দৈর্ঘ্য ইথিলিনের কার্বন-কার্বন বন্ধন দৈর্ঘ্য ও ইথেন অণুর কার্বন-কার্বন বন্ধন দৈর্ঘ্যের মাঝামিথি। বেঞ্জিন, ইথিলিন এবং ইথেন অণুর গঠন নিম্নে দেখানো হল—



বেঞ্জিনের গঠন




ইথিলিন




ইথেন

24. 110°C তাপমাত্রায় ফুটস্ট টলুইনে ক্লোরিন গ্যাস চালনা করা হল এবং উৎপন্ন পদার্থকে আন্দৰিশেষণ করা হল। কী ঘটে সমীকরণ সহ বর্ণনা কর।

উত্তর— 110°C তাপমাত্রায় ফুটস্ট টলুইনে ক্লোরিন গ্যাস চালনা করলে মিথাইল ফ্লুপের হাইড্রোজেন পরমাণুলি ধাপে ধাপে প্রতিস্থাপিত হয়। প্রথম ধাপে বেঞ্জাইল ক্লোরাইড, দ্বিতীয় ধাপে বেঞ্জাল ক্লোরাইড এবং তৃতীয় বা শেষ ধাপে বেঞ্জেট্রাই ক্লোরাইড উৎপন্ন হয়। বিক্রিয়াটি মুক্ত মূলক পদ্ধতিতে ঘটে। রাসায়নিক—






বেঞ্জেট্রাইক্লোরাইড

বেঞ্জেয়িক অ্যাসিড

25. আয়রন চুর্ণের উপস্থিতিতে টলুইনের সঙ্গে ক্লোরিনের বিক্রিয়া ঘটানো হল। কী ঘটে সমীকরণ সহ বর্ণনা কর।

উত্তর— আয়রন চুর্ণের উপস্থিতিতে সাধারণ তাপমাত্রায় টলুইনের সঙ্গে ক্লোরিনের বিক্রিয়ায় অর্থো-ক্লোরো টলুইন এবং প্যারা-ক্লোরোটলুইন উৎপন্ন হয়।




26. রূপান্তরিত কর

- i) টলুইন থেকে TNT
- ii) টলুইন থেকে বেঞ্জালিডিহাইড
- iii) টলুইন থেকে বেঞ্জেয়িক অ্যাসিড

উত্তর— i) টলুইন থেকে TNT

ধূমায়মান নাইট্রিক অ্যাসিড ও ধূমায়মান সালফিটেরিক অ্যাসিডের সঙ্গে টলুইনের বিক্রিয়ায় 2, 4, 6-ট্রাইনাইট্রোটলুইন (TNT) উৎপন্ন হয়।




টলুইন

ট্রাইনাইট্রোটলুইন (TNT)


ii) টলুইন থেকে বেঞ্জালডিহাইড

উত্তর— কার্বনটেট্রো ক্লোরাইড দ্রাবকে ফ্রেমিল ক্লোরাইড টলুইনকে সরাসরি জারিত করে বেঞ্জিলিডিন অ্যাসিটট উৎপন্ন হয়। এই বিক্রিয়াকে এটার্ড বিক্রিয়া বলে।




iii) টলুইন থেকে বেঞ্জেয়িক অ্যাসিড

উত্তর— টলুইনকে ক্ষারীয় KMnO_4 দ্বারা উত্পন্ন করে অম্লায়িত করলে বেঞ্জেয়িক অ্যাসিড উৎপন্ন হয়।



27. রূপান্তরিত কর— বেঞ্জিন থেকে ফ্লাইঅক্সাল


উত্তর— এক অণু বেঞ্জিনের সঙ্গে তিন অণু ওজনের বিক্রিয়ায় বেঞ্জিন ট্রাই ওজনাইড হয় উৎপন্ন হয় যা জিঙ্ক চূর্ণ দিয়ে আর্দ্ধ বিশ্লেষণ করলে তিন অণু ফ্লাই অক্সাল নৃতন হয়—



ফ্লাইঅক্সাল


28. বেঞ্জিন থেকে একধাপে বেঞ্জাইল ক্লোরাইডে রূপান্তিত কর।

উত্তর— অনার্দ্র ZnCl_2 অনুষ্টকের উপস্থিতিতে বেঞ্জিন, ফরম্যালডিহাইড ও HCl এর বিক্রিয়ায় বেঞ্জাইল ক্লোরাইড উৎপন্ন হয়। এই বিক্রিয়াটিকে ক্লোরোমিথাইলেশান বিক্রিয়া বলে।




29. টিকা লেখ— গাটার ম্যান-কচ বিক্রিয়া

উত্তর— ইথার দ্রাবকে অনার্দ্র AlCl_3 , অনুঘটকের উপস্থিতিতে বেঞ্জিন, কার্বন মনোক্লোরাইড ও হাইড্রোক্লোরিক অ্যাসিডের বিক্রিয়ায় বেনজালডিহাইড উৎপন্ন হয়। এই বিক্রিয়াকে গাটার ম্যান-কচ বিক্রিয়া বলে। রাসায়নিক বিক্রিয়া—




30. বার্চ বিজারণ (Birch reduction),


উত্তর— তরল অ্যামোনিয়ায় দ্রবীভূত ধাতব সোডিয়াম বা লিথিয়াম বেঞ্জিনকে 1,4-সাইক্লোহেক্সাডাই-ইন উৎপন্ন হয়। বিক্রিয়ায় দ্রাবক হিসেবে ইথাইল অ্যালকোহল ব্যবহৃত হয়।



অনুরূপে বেঞ্জোয়িক অ্যাসিডের (ইলেকট্রন আকর্ষী প্রংগ) বার্চ বিজারণে 2,5-সাইক্লোহেক্সাডাইইন কার্বোক্সিলিক অ্যাসিড




এবং অ্যানিসোল (ইলেকট্রন বিকর্ষী প্রংগ) বার্চ বিজারণে অংশ প্রত্যহণ করে।



31. রূপান্তর কর

- বেঞ্জিন থেকে ফ্লাইওক্সাল
 - বেঞ্জিন থেকে বেঞ্জাইল ক্লোরাইড
 - বেঞ্জিন থেকে বেঞ্জালিডহাইড
 - বেঞ্জিন থেকে বেঞ্জোয়িক অ্যাসিড
 - বেঞ্জিন থেকে কিউমিন
 - বেঞ্জিন থেকে ফেনল
 - বেঞ্জিন থেকে মেটা নাইট্রো ফেনল
 - বেঞ্জিন থেকে ন্যাপথালিন
 - বেঞ্জিন থেকে টারসিয়ারি বিড়টাইল বেঞ্জিন
 - বেঞ্জিন থেকে অর্থ নাইট্রো অ্যানিলিন
 - বেঞ্জিন থেকে ম্যালিক অ্যানহাইড্রাইড
 - বেঞ্জিন থেকে T.N.B
- উত্তর— i) বেঞ্জিন থেকে ফ্লাইওক্সাল




বেঞ্জিন

ফ্লাইওক্সাল


- বেঞ্জিন থেকে বেঞ্জাইল ক্লোরাইড

উত্তর—




iii) বেঞ্জিন থেকে বেঞ্জালডিহাইড

উত্তর—




iv) বেঞ্জিন থেকে বেঞ্জোয়িক অ্যাসিড

উত্তর—




v) বেঞ্জিন থেকে কিউমিন

উত্তর—




vi) বেঞ্জিন থেকে ফেনল

উত্তর—




vii) বেঞ্জিন থেকে মেটা নাইট্রো ফেনল

উত্তর—




মেটা নাইট্রো ফেনল

viii) বেঞ্জিন থেকে ন্যাপথালিন




ix) বেঞ্জিন থেকে টারসিয়ারি বিউটাইল বেঞ্জিন

উত্তর—




x) বেঞ্জিন থেকে অর্থো নাইট্রো অ্যানিলিন

উত্তর—




xi) বেঞ্জিন থেকে ম্যালিক অ্যানহাইড্রাইড

উত্তর—



xii) বেঞ্জিন থেকে T.N.B

উত্তর—



TNB

MCQ



9. নীচের কোন্ টি ফ্রিলেক্রফট বিক্রিয়ায় অংশ প্রাপ্ত করে না?





A) বেঞ্জিন

B) টলুইন

C) জাইলিন

D) নাইট্রোবেঞ্জিন

10. নীচের কোন্ যোগটির ক্লোরিন পরমাণু সহজেই NaOH দ্বারা প্রতিস্থাপিত হয়?



11. অর্থো-জাইলিন, মেটা জাইলিন ও প্যারা-জাইলিনের মধ্যে কোনটি একটিমাত্র মনোরোমোসঞ্চাত যোগ উৎপন্ন করবে?

A) অর্থো-জাইলিন

B) মেটা জাইলিন

C) প্যারা-জাইলিন

D) কোনটি নয়

12. n-প্রোপাইলবেঞ্জিন প্রস্তুতির পক্ষে নীচের কোন্ পদ্ধতি সর্বাপেক্ষা উপযুক্ত?




A) ভার্জ বিক্রিয়া


B) ভার্জ-ফিটিগ বিক্রিয়া

C) ফ্রিডেল ক্রফট বিক্রিয়া






D) কোনটি নয়

13. নীচের কোন্ যোগটিতে KOH এর জলীয় দ্রবণ যোগ করার পর AgNO_3 যোগ করলে সাদা অধঃক্ষেপ গঠন করবে?















উপরের বিক্রিয়ায় বিক্রিয়াত জাত পদার্থ হল—








উপরের বিক্রিয়ায় বিক্রিয়াত জাত পদার্থ হল—



উপরের বিক্রিয়ায় বিক্রিয়াত জাত পদার্থ হল—




বিক্রিয়াজাত পদার্থ A হল—







বিক্রিয়াজাত পদার্থ A হল—

- A) ফেনল + মিথাইল আয়োডাইড
- B) আয়োডো বেঞ্জিন + মিথাইল আয়োডাইড
- C) বেঞ্জিন + মিথাইল আয়োডাইড D) কোনটি নয়



বিক্রিয়াজাত পদার্থ A হল—



20. ভার্জ-ফিটিগ্ বিক্রিয়ায় অংশ প্রহণ করে

- A) দুই অণু অ্যারাইল হ্যালাইড
- B) এক অণু অ্যারাইল হ্যালাইড ও এক অণু অ্যালকিল হ্যালাইড
- C) দুই অণু অ্যালকিল হ্যালাইড
- D) কোনটি নয়

উত্তর

1.A, 2.C, 3.D, 4.B, 5.B, 6.A, 7.A, 8.D, 9. B, 10.C, 11.C, 12.B, 13. B, 14.A, 15. B, 16. B, 17.B, 18.A, 19.A, 20.B

ধাতব জৈব যোগ

1. জৈব ধাতব যোগ বলতে কী বোঝ? উদাহরণ দাও।

উত্তর—যে সমস্ত জৈব যোগে ধাতব মূলকের সঙ্গে কার্বনের সরাসরি সমযোজী বন্ধনে যুক্ত থাকে তাকে জৈব ধাতব যোগ বলে। যেমন ডাইমিথাইল জিঙ্ক (CH_3ZnCH_3) এবং মিথাইল ম্যাগনেসিয়াম আয়োডাইড (CH_3MgI)

2. প্রিগনার্ড বিকারক বলতে কী বোঝ?

উত্তর— অ্যালকিল ম্যাগনেসিয়াম হ্যালাইড সঙ্কেত বিশিষ্ট যে জৈব ধাতব গঠন করে তাকে প্রিগনার্ড বিকারক বলে।

3. প্রিগনার্ড বিকারকের সক্রিয়তা কী কী বিষয়ের উপর নির্ভর করে।

উত্তর— প্রিগনার্ড বিকারকের সক্রিয়তা নির্ভর করে কার্বন, ম্যাগনেসিয়াম (C-Mg) বন্ধনের ধ্রুবীয়তার উপর। কার্বন, ম্যাগনেসিয়াম বন্ধনের ধ্রুবীয়তা যত বেশি হবে প্রিগনার্ড বিকারকের সক্রিয়তা তত বেশি হবে। আবার হ্যালোজেন মৌলগুলির তড়িৎ ঋণাত্মকতার বৃদ্ধির ক্রম — $\text{I} < \text{Br} - \text{Cl}$ । সুতরাং সক্রিয়তার বৃদ্ধির ক্রম—




এছাড়াও অ্যালকিল মূলকের $+I$ প্রভাবের উপর নির্ভর করে। অ্যালকিল মূলকের $+I$ প্রভাব যত বৃদ্ধি পায়

প্রিগনার্ড বিকারকের সক্রিয়তা তত হ্রাস পায়। সক্রিয়তার হ্রাসের ক্রম— $\text{CH}_3\text{MgI} > \text{CH}_3\text{CH}_2\text{MI} > \text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{MgI}$

4. মিথাইল ম্যাগনেসিয়াম আয়োডাইডের প্রস্তুত প্রণালী বর্ণনা কর। প্রস্তুতির সতর্কতা অবলম্বন কর।

উত্তর— নীতি— ইথারীয় দ্রবণে মিথাইল আয়োডাইড সঙ্গে শুষ্ক ম্যাগনেসিয়ামের বিক্রিয়া সাধারণ তাপমাত্রায় মিথাইল ম্যাগনেসিয়াম আয়োডাইড প্রস্তুত করা হয়।

বিক্রিয়া—



পদ্ধতি—

একটি পরিষ্কার ও শুক্র তিনি মুখ বিশিষ্ট গোলতল ফ্লাক্সের এক মুখে অনাদ্র CaCl_2 পূর্ণ গার্ড টিউব যুক্ত একটি বিন্দুপাতী ফানেল এবং অপর মুখে শীতক যুক্ত করা হল। ফ্লাক্সের তৃতীয় মুখে কর্ক যুক্ত থার্মোমিটার প্রবেশ করানো হল। এখন শুক্র ডাই ইথাইল ইথার নিয়ে কয়েক টুকরো ম্যাগনেসিয়াম যোগ করে দ্রবীভূত করা হল। বিন্দুপাতী ফানেল দিয়ে শুক্র ইথারে দ্রবীভূত মিথাইল আয়োডাইডের দ্রবণ ধীরে ধীরে ঢালা হল। বিক্রিয়াটি প্রথমে ধীর গতিতে ঘটে কিন্তু কয়েক টুকরো আয়োডিন কেলাস যোগ করলে বিক্রিয়াটি দ্রুত গতিতে ঘটতে থাকে। বিক্রিয়াটি অতি দ্রুত ঘটতে থাকলে প্রয়োজন মত ফ্লাক্সটিকে ঠাণ্ডা করা হয়। বিক্রিয়ার ফলে মিথাইল ম্যাগনেসিয়ামের ইথারীয় দ্রবণ উৎপন্ন হয়।

সর্তর্কতা— i) বিক্রিয়ায় ব্যবহৃত ইথার সম্পূর্ণরূপে জলীয় বাষ্প ও অ্যালকোহল মুক্ত হওয়া প্রয়োজন।


ii) বিশুদ্ধ ম্যাগনেসিয়াম অর্থাৎ ম্যাগনেসিয়াম অক্সাইড মুক্ত ম্যাগনেসিয়াম ব্যবহার করতে হবে।

iii) সমস্ত যন্ত্রপাতি শুক্র ও পরিষ্কার হতে হবে।

iv) প্রস্তুতির সময় যেন কোন অগ্নিশিখা কাছাকাছি না থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে।

5. প্রিগনার্ড বিকারক ইথারে দ্রবীভূত হয় কেন?

উত্তর— প্রিগনার্ড বিকারক হল অ্যালকিল ম্যাগনেসিয়াম হ্যালাইড যার কেন্দ্রীয় পরমাণু ম্যাগনেসিয়ামের যোজ্যতা কক্ষে চারটি ইলেক্ট্রন। প্রিগনার্ড বিকারক একটি লুইস অ্যাসিড রূপে আচরণ করে। অপরপক্ষে ইথার অণুর অক্সিজেন পরমাণুর নিঃসঙ্গ ইলেক্ট্রন জোড় ম্যাগনেসিয়ামকে দান করে। ইথার অণু লুইস খাক হিসেবে কাজ করে। এইভাবে দুই অণু ইথার এক অণু প্রিগনার্ড বিকারকের সঙ্গে বিক্রিয়া করে ম্যাগনেসিয়ামের যোজ্যতা কক্ষে অষ্টক পূর্ণ করে। ফলে অষ্টক পূর্তির তাগিদে প্রিগনার্ড বিকারক ইথারে দ্রবীভূত হয়।




6. রূপান্তর কর

- i) CH_3MgBr থেকে CH_4
- ii) $\text{C}_2\text{H}_5\text{MgBr}$ থেকে C_2H_6
- iii) CH_3MgBr থেকে $\text{CH}_3\text{CH}_2\text{OH}$
- iv) CH_3MgBr থেকে $\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{OH}$
- v) CH_3MgBr থেকে $\text{CH}_3\text{CH}(\text{OH})\text{CH}_3$
- vi) CH_3MgBr থেকে $\text{CH}_3\text{C}(\text{OH})(\text{CH}_3)\text{CH}_3$
- vii) CH_3MgBr থেকে CH_3COOH
- viii) CH_3MgBr থেকে CH_3CHO
- ix) CH_3MgBr থেকে CH_3OH
- ix) CH_3MgBr থেকে CH_3NH_2
- x) CH_3MgBr থেকে CH_3COCH_3
- xi) CH_3COCl থেকে CH_3COCH_3

7. টিকা লেখ— রিফর্ম্যাটস্কি বিক্রিয়া

উত্তর— ইথার দ্রবণে দ্রবীভূত জিঙ্কের উপস্থিতিতে α -ড্রোমো এস্টার অ্যালডিহাইড বা কিটোনের সঙ্গে বিক্রিয়া করে α -হাইড্রক্সি এস্টার উৎপন্ন করে। এই বিক্রিয়াকে রিফর্ম্যাটস্কি বিক্রিয়া বলে।




α -হাইড্রক্সি এস্টার

Answeri) CH_3MgBr থেকে CH_4


উত্তর—

ii) $\text{C}_2\text{H}_5\text{MgBr}$ থেকে C_2H_6


উত্তর—

iii) CH_3MgBr থেকে $\text{CH}_3\text{CH}_2\text{OH}$


উত্তর—

iv) CH_3MgBr থেকে $\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{OH}$


উত্তর—

v) CH_3MgBr থেকে $\text{CH}_3\text{CH}(\text{OH})\text{CH}_3$


উত্তর—

vi) CH_3MgBr থেকে $\text{CH}_3\text{C}(\text{OH})(\text{CH}_3)\text{CH}_3$

উত্তর


vii) CH_3MgBr থেকে CH_3COOH

উত্তর—




viii) CH_3MgBr থেকে CH_3CHO

উত্তর—



ix) CH_3MgBr থেকে CH_3OH

উত্তর—




x) CH_3MgBr থেকে CH_3NH_2

উত্তর—




xi) CH_3MgBr থেকে CH_3COCH_3

উত্তর—



xii) CH_3COCl থেকে CH_3COCH_3


উত্তর—



MCQ


1. নীচের কোন্ যৌগটি ধাতব জৈব যৌগ?

- A) CH_3COONa
 B) $\text{Al}(\text{OCH}_3\text{CH}_3)_3$
 C) CH_3MgBr
 D) $\text{CH}_3\text{CH}_2\text{ONa}$




